ভূমি মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসি এফ ভূক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার(%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
১।	ভূমি মন্ত্রণালয়	০৪	০৪	--	--	০২	০২	৪০০% (সর্বোচ্চ) ৭৫% (সর্বনিম্ন)	০১	৫৬.৫৭% (সর্বোচ্চ) -৩৫% (সর্বনিম্ন)

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০৪ টি

০২। ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

নিম্নলিখিত কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়:

সমাপ্ত প্রকল্পসমূহের মেয়াদকাল বৃদ্ধির প্রধান প্রধান কারণসমূহ হচ্ছে প্রকল্প পরিচালক বদলী, পরামর্শক নিয়োগের দীর্ঘসূত্রিতা, সঠিক পরিকল্পনার অভাব, অপর্যাপ্ত ও দুর্বল প্রকল্প ব্যবস্থাপনা জ্ঞান, প্রকল্প আরম্ভের বিলম্ব। যার ফলে প্রকল্পসমূহ মূল ডিপিপিতে উল্লিখিত সময় ও ব্যয় মধ্যে বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

ক্র: নং:	**সমস্যা**	**সুপারিশ**
১.	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বাস্তবায়নকারী প্রতিষ্ঠানসমূহের গৃহীত প্রকল্পের কারিগরি দিক সর্ম্পকে যথেষ্ট জ্ঞান না থাকা এবং প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সংশ্লিষ্ট বিষয়াদি সর্ম্পকে জ্ঞানের অভাব;	ভবিষ্যতে প্রকল্প গ্রহণকালে নির্ধারিত প্রকল্পের জন্য প্রয়োজনীয় কারিগরি জ্ঞান ও প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সংশ্লিষ্ট বিষয়াদি সর্ম্পকে জ্ঞান অর্জন ও প্রকল্প পরিচালনায় তা ব্যবহার নিশ্চিতকরণ;
২.	প্রকল্পের পরামর্শক নিয়োগের দীর্ঘসূত্রিতা; পণ্য ও সেবা ক্রয়ে দরপত্র আহবানও এর প্রক্রিয়াকরণের দীর্ঘসূত্রিতা;	যেহেতু মন্ত্রণালয়/দপ্তর সমূহ হতে প্রকল্প প্রস্তাব পাঠানো হয় সেহেতু প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াকালীন বা অনুমোদনের সাথে সাথেই এ সকল কাজের প্রাথমিক প্রক্রিয়া শুরু করা প্রয়োজন;

ক্র: নং:	সমস্যা	সুপারিশ
৩.	সময়মত পিআইসি ও পিএসসি কমিটির গঠন ও সভা অনুষ্ঠানের বিষয়ে দীর্ঘসূত্রিতা/গুরুত্ব না দেয়া;	প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যাসমূহ আলোচনা ও সমাধানের জন্য পিআইসি এবং নীতিগত সিদ্ধান্তের জন্য পিএসসি কমিটি গঠন ও নিয়মিত সভা অনুষ্ঠান এর দিকে যথেষ্ঠ গুরুত্ব আরোপ করতে হবে;
৪.	প্রকল্প সমূহের মাধ্যমে প্রণীত আইন ও বিধিবিধান সমূহ সঠিক ও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করত অনুমোদনে ব্যবস্থা না করা;	বাস্তবায়িত প্রকল্পের সুবিধা জনসাধারনের কাছে সহজলভ্য করতে হলে প্রণীত আইন আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে বিধায় প্রকল্প চলাকালীন সময়েই প্রণীত আইন ও বিধি সমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের ব্যবস্থা দ্রুততার সহিত গ্রহণ করতে হবে;
৫.	প্রকল্প সমাপ্তির সর্বোচ্চ ২ বছর এবং সর্বনিম্ন ৬ মাস অতিক্রান্ত হলেও প্রকল্পের মাধ্যমে সংগৃহীত সফটওয়্যার সমূহ পূর্ণাঙ্গভাবে চালু না করার কারণে প্রকল্পে অর্জিত সুবিধা জনসাধারণকে প্রদান করা সম্ভব হয়না;	প্রকল্পের মাধ্যমে অর্জিত সুফল জনসাধারণকে প্রদানের লক্ষ্যে সংগ্রহকৃত সফটওয়্যারসমূহ পূর্ণাঙ্গভাবে চালু করার জন্য যথেষ্ট তৎপর থাকতে হবে প্রয়োজনে প্রকল্পের মেয়াদ শেষে ঐ অংশের কাজের ব্যয় রাজস্ব বাজেটে সংস্থান করা প্রয়োজন;
৬.	ডাটাবেজ তৈরি করা হচ্ছে এমন কাজ একই ধরণের প্রকল্পের মাধ্যমে একই কাজ বারংবার করা হচ্ছে;	ডাটাবেজ তৈরিতে অত্যন্ত সর্তকতার সাথে দৈত্বতা পরিহার করতে হবে কেননা এতে সময় ও অর্থ উভয়ই অপচয় হয়;
৭.	জনগনকে অনলাইন সুবিধা প্রদান নির্ধারিত প্রকল্পে অনলাইন পেমেন্ট চালু না হওয়ার কারণে জনগনকে কাঙ্খিত সেবা প্রদান করা সম্ভব হচ্ছেনা;	যেসকল ক্ষেত্রে পরামর্শক নিয়োগ ও দরপত্র সংক্রান্ত দীর্ঘসূত্রিতার কারণে অনলাইন পেমেন্ট ব্যবস্থা প্রকল্প চলাকালীন সময়ে চালু করা সম্ভব হয়নি সেসকল ক্ষেত্রে জনকল্যানকে অগ্রাধিকার দিয়ে রাজস্ব বাজেটের মাধ্যমে এ সংক্রান্ত ব্যয়ভার নির্বাহ করা প্রয়োজন;
৮.	আইএমইডি'র বিদ্যমান পরিপত্র অনুযায়ী উন্নয়ন প্রকল্প সমাপ্তির সাড়ে তিন মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আইএমইডি-তে প্রেরণ না করা;	উন্নয়ন প্রকল্প সমাপ্তির সাড়ে তিন মাসের মধ্যে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আইএমইডি-তে প্রেরণ করতে হবে।

Capacity Building and Supporting the implementation of ADB's Strengthening Governance Management Project (Component-B: Digital Land Management System) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৭)

১.০ প্রকল্পের নাম : Capacity Building and Supporting the implementation of ADB's Strengthening Governance Management Project (Component-B: Digital Land Management System)

২.০ মন্ত্রণালয়/বিভাগ : ভূমি মন্ত্রণালয়।

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং Asian Development Bank।

৪.০ প্রকল্পের অবস্থান : ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ২৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, তেজগাঁও, ঢাকা-১২০৮।

৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা প্রঃ সাঃ	সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃ সাঃ	মোট টাকা প্রঃ সাঃ	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪০২.১৬ ৬৫.১৩ ৩৩৭.০৩	৩৫১.৯১ ৪৭.৮০ ৩০৪.১১	২৮৬.৯৮ ৩৯.০৮ ২৪৭.৯০	০১-০৪-২০১২ হতে ৩১-১২-২০১৩	০১-০৪-২০১২ হতে ৩০-০৬-২০১৭	০৮/১২/২০১২ হতে ৩০/০৬/২০১৭	-	৪০০%

৬.০ পটভূমি ও উদ্দেশ্য :

৬.১ প্রকল্পের পটভূমিঃ

এশীয় উন্নয়ন ব্যাংক (Asian Development Bank) এর আর্থিক সহায়তায় Strengthening Governance Management Project (Component-B: Digital Land Management System) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের জন্য ১০ সেপ্টেম্বর, ২০১০ তারিখে বাংলাদেশ সরকার ও এডিবি 'র মধ্যে ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। উল্লেখ্য গত ১৩/০৯/২০১১ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় এডিবি 'র সাহায্যপুষ্ট ১৫.৯৯ মিলিয়ন ইউএস ডলার ব্যয় সম্বলিত প্রকল্পটি অনুমোদিত হয়। উক্ত চুক্তির অংশ হিসেবে মূল প্রকল্পের বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য "Capacity Building and Supporting the implementation of ADB's Strengthening Governance Management Project (Component-B: Digital Land Management System)" শীর্ষক এ কারিগরি সহায়তা প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য, মূল প্রকল্পটির মাধ্যমে ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলীকে ডিজিটালকরণের লক্ষ্যে দেশের ৭টি জেলার ৪৫টি উপজেলার ৪৬টি ভূমি অফিসে DLMS (Digital Land Management System) Software এবং ২০টি উপজেলায় LIC (Land Information Centre) স্থাপন করা হয়। উল্লেখ্য, DLMS বাস্তবায়নে সাহায্য করার জন্য আলোচ্য প্রকল্পের মাধ্যমে পরামর্শক নিয়োগ করে পরামর্শক সেবা গ্রহণ করা হয়েছে।

৬.২ প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী):

(ক) কারিগরি পরামর্শ নিয়োগের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ের PIU (Project Implementation Unit) কে প্রকল্প ব্যবস্থাপনা সংক্রান্ত সহায়তা প্রদান; এবং

(খ) Digital Land Management প্রকল্পটি বাস্তবায়নের জন্য ভূমি মন্ত্রণালয়ের PIU (Project Implementation Unit) এবং ভূমি জরিপ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ ও বৈদেশিক শিক্ষা সফরের দক্ষতা বৃদ্ধি করা।

৭.০ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম :

(ক) পরামর্শক নিয়োগ

(খ) সেমিনার, কনফারেন্স ও ওয়ার্কশপ আয়োজন

(গ) বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফর

(ঘ) জনসচেতনতামূলক প্রচার

৮.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্তি প্রতিবেদন হতে প্রাপ্ত তথ্যানুযায়ী:)

(লক্ষ টাকায়)

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	সংখ্যা/ পরিমাণ	লক্ষ্যমাত্রা (টিপিপি অনুযায়ী)		প্রকৃত অগ্রগতি		হ্রাস/বৃদ্ধির কারণ
		আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১	২	৩	৪	৫	৬	৭
বেতন এবং ভাতাদি						
অফিসারদের বেতন	-	-	-	-	-	-
সংস্থার কর্মচারীদের বেতন	-	-	-	-	-	-
প্রকল্প কর্মকর্তা ও কর্মচারীদের বেতন	-	-	-	-	-	-
সরবরাহ ও সেবা						
টেলিফোন, মোবাইল ফোন এবং ইন্টারনেট	থোক	১.৮০	থোক	-	-	মূল ডিএলএমএস প্রকল্প থেকে ব্যবহার করা হয়েছে
স্টেশনারী, সীল এবং স্ট্যাম্প	থোক	৫.০০	থোক	৩.৫৪	থোক	প্রকৃত প্রয়োজনের নিরিখে ব্যয় নির্বাহ করা হয়েছে
জনসচেতনতামূলক প্রচার	থোক	২২.০০	থোক	২১.৫৬	থোক	প্রকৃত প্রয়োজনের নিরিখে ব্যয় নির্বাহ করা হয়েছে
প্রশিক্ষণ/শিক্ষা সফর (এশিয়া প্যাসিফিক এলাকার মধ্যে)	জন	৫৫.০০	১৫	৫৪.২৫	১৫	প্রকৃত প্রয়োজনের নিরিখে এডিবি কর্তৃক ব্যয় নির্বাহ করা হয়েছে
সেমিনার, কনফারেন্স এবং ওয়ার্কশপ	থোক	১৪.৫০	থোক	৮.১৮	থোক	প্রকৃত প্রয়োজনের নিরিখে এডিবি কর্তৃক ব্যয় নির্বাহ করা হয়েছে
পরামর্শকদের যাতায়াত খরচ	থোক	২.০০	থোক	-	-	প্রকল্প চলাকালীন এ সংক্রান্ত ব্যয়ের প্রয়োজন হয়নি
ব্যবহার্য দ্রব্যাদি ক্রয়	থোক	৫.০০	থোক	৫.০০	থোক	-

অঙ্গের নাম (টিপিপি অনুযায়ী)	সংখ্যা/ পরিমাণ	লক্ষ্যমাত্রা (টিপিপি অনুযায়ী)		প্রকৃত অগ্রগতি		হ্রাস/বৃদ্ধির কারণ
		আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১	২	৩	৪	৫	৬	৭
পরামর্শক সেবা						
আন্তর্জাতিক প্রকল্প ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	জনমাস	৪৪.৪০	০৩	১৮৭.৬৬	১০৫.৬৯ জনমাস	প্রকৃত প্রয়োজনের নিরিখে এডিবি কর্তৃক ব্যয় নির্বাহ করা হয়েছে
National ICT-Domain Specialist	জনমাস	৫.৫৫	০৩			
National Upazilla ICT Support Assistance	জনমাস	১৭৩.১৬	৩৬০			
অন্যান্য ব্যয়/কন্টিনজেন্সী	থোক	১৮.০০	থোক	৩.৯৬	থোক	প্রকৃত প্রয়োজনের নিরিখে ব্যয় নির্বাহ করা হয়েছে
সম্পদ সংগ্রহ/ক্রয়						
ক্যামেরা	সংখ্যা	১.০০	০১	০.৯৯	০১	প্রকৃত প্রয়োজনের নিরিখে ব্যয় নির্বাহ করা হয়েছে
ফটোকপিয়ার মেশিন	সংখ্যা	৪.৫০	০১	১.৮৪	০১	প্রকৃত প্রয়োজনের নিরিখে ব্যয় নির্বাহ করা হয়েছে
মোট		৩৫১.৯১		২৮৬.৯৮		

৯.০ প্রকল্পের অনুমোদন ও সংশোধন সম্পর্কিত :

২১/১১/২০১৬ তারিখে ৩৫১.৯১ (জিওবি ৪৭.৮০ এবং এশীয় উন্নয়ন ব্যাংক ৩০৪.১১) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল ২০১২ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পের ১ম সংশোধন অনুমোদিত হয়। প্রকল্প সংশোধনের কারণসমূহ নিম্নে উল্লেখ করা হলোঃ

(ক) প্রকল্পের কতিপয় অঙ্গের ব্যয় হ্রাস/বৃদ্ধি;

(খ) মূল প্রকল্পের মেয়াদ জুন, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করায় সহায়ক এই প্রকল্পটির মেয়াদ ০১/০৪/২০১২ হতে ৩১/১২/২০১৩ এর পরিবর্তে ৩০/০৬/২০১৭ পর্যন্ত বৃদ্ধি;

(গ) প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শকের ধরণ ও কার্যপরিধি পরিবর্তন।

১০.০ বছর ভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	সংশোধিত এডিপি বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			অবমুক্তি (টাকা)	ব্যয় ও ভৌত অগ্রগতি		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ
২০১২-১৩	২৭.০০	২.০০	২৫.০০	২.০০	২.০০	২.০০	০.০০
২০১৩-১৪	২১৭.০০	২৫.০০	১৯২.০০	১২.৫০	৫.৮৭	৫.৮৭	০.০০

আর্থিক বছর	সংশোধিত এডিপি বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			অবমুক্তি (টাকা)	ব্যয় ও ভৌত অগ্রগতি		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ
২০১৪-১৫	৮৩.০০	১.০০	৮২.০০	১.০০	০.৯৯	০.৯৯	০.০০
২০১৫-১৬	১৮০.০০	৬.০০	১৭৪.০০	৩.০০	৫৬.২৪	১.৯৯	৫৪.২৫
২০১৬-১৭	৮৬.০০	৩৩.০০	৫৩.০০	৩৩.০০	১০৮.৭৫	৩০.২২	৭৮.৫৩
মোট	৫৯৩.০০	৬৭.০০	৫২৬.০০	৫১.৫০	১৭৩.৮৫	৪১.০৭	১৩২.৭৮

১১.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম	**মূল পদবী ও কর্মস্থল**	**দায়িত্বকাল**	**দায়িত্বের ধরন**
জনাব আবুল কালাম আজাদ	যুগ্ম-সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	০৮-১২-২০১১ হতে ১২-১০-২০১৪	অতিরিক্ত দায়িত্ব
জনাব জিল্লুর রহমান, এনডিসি	যুগ্ম-সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	১৩-১০-২০১৪ হতে ১৭-০৪-২০১৬	অতিরিক্ত দায়িত্ব
জনাব মোঃ আহসান হাবীব তালুকদার	যুগ্ম-সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	১৮-০৪-২০১৬ হতে ৩০-০৬-২০১৭	অতিরিক্ত দায়িত্ব

১২.০ প্রকল্প মূল্যায়ন পদ্ধতি : প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে-

- প্রকল্প দলিল পর্যালোচনা;
- ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রণীত পিসিআর পর্যালোচনা;
- ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- PEC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- প্রকল্পের স্টিয়ারিং কমিটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি'র কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে মত বিনিময় এবং
- মূল প্রকল্পের কার্যাবলী সরেজমিন পরিদর্শন এবং প্রকল্পের উপকারভোগী, সহকারী কমিশনার (ভূমি), রেকর্ড কিপার ও জেলা প্রশাসকের কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের সাথে আলোচনা।

১৩.০ প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
(ক) কারিগরী পরামর্শ নিয়োগের মাধ্যমে DLMS প্রকল্পের PIU (প্রকল্প বাস্তবায়ন ইউনিট)-কে প্রকল্পের কার্যাবলী সম্পাদনে প্রকল্প ব্যবস্থাপনা সহায়তা প্রদান।	(ক) মূল প্রকল্পের Digital Land Management System (DLMS) মাধ্যমে আন্তর্জাতিক দরপত্র আহবান পূর্বক IL&FS Technologies Limited নামক একটি ভারতীয় পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করে ০৭টি জেলার ৪৫টি উপজেলার ৪৬টি ভূমি অফিসে Digital Land Management System (DLMS) সফটওয়্যার স্থাপন করা হয়। মূল প্রকল্পের পরামর্শক নিয়োগসহ কারিগরী বিনির্দেশ প্রস্তুত করার জন্য এই প্রকল্পের মাধ্যমে BETS Consulting Services Ltd. নামক একটি জাতীয় পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়। তবে মূল প্রকল্পের মাধ্যমে নিয়োজিত আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী প্রকল্প সমাপ্তিতে দুই বছরের রক্ষণাবেক্ষণের জন্য ICT Support Assistant নিয়োগের বিষয়টি উল্লেখ থাকায় এই প্রকল্পের মাধ্যমে ICT Support Assistant করা হয়নি।
(খ) সরকারী কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীন ও বৈদেশিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে PIU (প্রকল্প বাস্তবায়ন ইউনিট), ভূমি মন্ত্রণালয় এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ।	(খ) প্রশিক্ষণ ও স্টাডি ট্যুরের মাধ্যমে Project Implementation Unit (PIU), ভূমি মন্ত্রণালয়, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের দক্ষতা বৃদ্ধির জন্য ১৫ জন কর্মকর্তা ফিলিপাইন, ভিয়েতনাম ও মালয়েশিয়া সফর করেন। এছাড়াও প্রকল্প সংশ্লিষ্ট জেলা, উপজেলা, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ভূমি মন্ত্রণালয়ের ১০০ জন কর্মকর্তা/কর্মচারীকে কর্মশালার মাধ্যমে এ ব্যবস্থার সাথে পরিচিত করানো হয়। একটি জাতীয় সেমিনার আয়োজনের মাধ্যমে ১৫০ জন সংশ্লিষ্ট উপকারভোগী, নীতি নির্ধারক, দাতা সংস্থা, গণমাধ্যম কর্মীদের এ বিষয়ে ধারণা দেয়া হয়।

১৪.০ পরিদর্শন ও পর্যবেক্ষণঃ

১৪.১ প্রকল্পটির সমাপ্তি প্রতিবেদন মূল্যায়নের লক্ষ্যে আইএমইডি হতে ১০/১০/২০১৮ তারিখে ঢাকায় অবস্থিত ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রকল্পটির কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা ও ঠিকাদারী প্রতিষ্ঠানের (প্রকল্প সমাপ্ত হবার পর ২ বছরের রক্ষণাবেক্ষণের জন্য চুক্তিবদ্ধ) কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। আলোচ্য প্রকল্পটি মূলতঃ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Strengthening Governance Management Project (Component-B: Digital Land Management System) DLMS শীর্ষক বিনিয়োগ প্রকল্পের সহায়ক প্রকল্প হিসেবে এপ্রিল ২০১২ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়িত হয়। পরিদর্শনে দেখা যায় যে, এ প্রকল্পের মাধ্যমে International Project Management Expert নিয়োগের

পরিকল্পনা থাকলেও পরবর্তীতে প্রয়োজন না হওয়ায় নিয়োগ করা হয়নি। তবে BETS Consulting Services Ltd.ও Data Systems Bangladesh Ltd.নামক joint venture এ নিয়োজিত পরামর্শক ফার্মকে নিয়োগ করা হয়। এই পরামর্শক প্রতিষ্ঠান মূলতঃ মূল প্রকল্প DLMS এর আওতায় স্থাপিত softwareটির ডিজাইন ও স্পেসিফিকেশন তৈরী করে যার উপর ভিত্তি করে মূল প্রকল্পের দরপত্র আহবান করা হয়।

১৪.২ উল্লেখ্য, এ প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শকগণকে সরাসরি এশীয় উন্নয়ন ব্যাংক হতে নিয়োগ করা হয়েছে। তবে কারিগরী সহায়তাকারী এ পরামর্শকগণের TOR (Terms of Reference) যৌথভাবে ভূমি মন্ত্রণালয় ও ADB কর্তৃক নির্ধারণ করা হয়। পরামর্শক ফার্ম কর্তৃক DLMS প্রকল্পের ক্রয় পরিকল্পনা প্রস্তুতকরণ, DLMS প্রকল্পের Project Implementation Consultant Team (PCT) নিয়োগের জন্য TOR এবং RFP (Request for proposal) প্রস্তুতকরণ এবং DLMS প্রকল্পটির মনিটরিং সিস্টেম ডিজাইন ইত্যাদি সম্পাদনের পরিকল্পনা করা হয়। পরিদর্শনে দেখা যায় যে, এ প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শক ফার্ম BETS Consulting Services Limited নিম্নবর্ণিত কাজগুলো সম্পাদন করেঃ

১। এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় পরিচালিত DLMS প্রকল্প দলিল রিভিউকরণ এবং DLMS প্রকল্প পরিকল্পনায় প্রয়োজনীয় পরিবর্ধন, পরিমার্জন ও সংশোধনের ক্ষেত্রসমূহ চিহ্নিতকরণ।

২। DLMS প্রকল্প বাস্তবায়ন ও বিস্তারিত কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ।

৩। DLMS প্রকল্পের জন্য প্রয়োজনীয় পণ্য দ্রব্য ও সেবা সমূহের কারিগরি বিনির্দেশসহ (Technical Specification) পূর্ণাঙ্গ ক্রয় পরিকল্পনা প্রস্তুতকরণ।

৪। DLMS প্রকল্পের বাস্তবায়নকারী Consultant Team নিয়োগের জন্য RFP প্রস্তুতকরণ।

৫। DLMS Software Development ঠিকাদার এবং ডাটা এন্ট্রি, ম্যাপ ডিজিটাইজিং এবং সার্ভে ঠিকাদার নিয়োগের জন্য Scope of Service (Technical Brief) প্রস্তুতকরণ।

৬। DLMS প্রকল্পের প্রকল্প বাস্তবায়নকারী ইউনিট (PIU) এর জন্য DLMS প্রকল্পটির মনিটরিং ও রিপোর্টিং সিস্টেম তৈরীসহ আর্থিক ও বাস্তব অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন প্রণয়নের জন্য সিষ্টেম ডেভেলপ করা।

১৪.৩ পরিদর্শনে দেখা যায় যে, সহায়তাকারী এই প্রকল্পের মাধ্যমে মূল প্রকল্প DLMS প্রকল্প উপরে বর্ণিত সকল সেবা সমূহ যথাযথভাবে প্রদান করা হয়েছে যার ফলে DLMS প্রকল্পের জন্য একটি নির্ভুল কারিগরি বিনির্দেশ তৈরী করে ঠিকাদার নিয়োগ করা সম্ভব হয়েছে। এ প্রকল্পের অন্যতম Component ছিল ১৫ জন Upazilla ICT support assistant নিয়োগ করা, যারা DLMS প্রকল্পের আওতায় দেশের বিভিন্ন উপজেলায় স্থাপিত DLMS software পরিচালনা ও রক্ষণাবেক্ষণে সহায়তা করবে। পরবর্তীতে মূল প্রকল্প অর্থাৎ DLMS প্রকল্পের আওতায় উপজেলা Upazilla ICT support assistant নিয়োগ করা হয় বিধায় এই প্রকল্পটি হতে জনবল নিয়োগ করা হয়নি।

১৪.৪ আলোচ্য প্রকল্পের আওতায় DLMS প্রকল্পের আওতাধীন জেলা ও উপজেলাসমূহে সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করা হয়। তবে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে জনমনে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে Public Awareness Campaign আয়োজনের পরিকল্পনা থাকলেও প্রকল্প সংশোধনকালে তা বাদ দেয়া হয়। প্রকল্পের আওতায় এশীয় দেশসমূহে Cadstral Mapping, ভূমি রেকর্ড ব্যবস্থাপনা প্রক্রিয়া এবং Digital ভূমি ব্যবস্থাপনা এর আইনগত ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থা সম্পর্কে ধারণা অর্জনের জন্য ভূমি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে বৈদেশিক শিক্ষা সফর অনুষ্ঠিত হয়। নিম্নে এর বর্ণনা দেয়া হলঃ

প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা	দেশের নাম	প্রশিক্ষণ গ্রহণের তারিখ
০৭ জন	ফিলিপাইন	১২/১০/২০১৫ খ্রি: হতে ১৫/১০/২০১৫খ্রি:পর্যন্ত
	ভিয়েতনাম	১৭/১০/২০১৫ খ্রি: হতে ২০/১০/২০১৫ খ্রি:পর্যন্ত

প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা	দেশের নাম	প্রশিক্ষণ গ্রহণের তারিখ
	মালয়েশিয়া	২১/১০/২০১৫ খ্রি:
০৮ জন	ফিলিপাইন	২৬/১০/২০১৫ খ্রি: হতে ২৯/১০/২০১৫ খ্রি:পর্যন্ত
	ভিয়েতনাম	৩১/১০/২০১৫ খ্রি: হতে ০৩/১১/২০১৫ খ্রি:পর্যন্ত
	মালয়েশিয়া	০৫/১১/২০১৫খ্রি:
মোট ১৫ জন		

১৫.০ মতামতঃ

১৫.১ ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত অপর একটি প্রকল্প DLMS এর সহায়তাকারী প্রকল্প হিসেবে বাস্তবায়িত এ প্রকল্পের মাধ্যমে মূল প্রকল্পটিতে পরামর্শক নিয়োগের মাধ্যমে যথাযথভাবে সহায়তা করা হয়েছে। এমতাবস্থায়, বৈদেশিক ঋণ গ্রহণের মাধ্যমে গৃহীত যে সকল প্রকল্পে TA Consultant নিয়োগের বিধান নেই সে সকল প্রকল্পের সহায়ক প্রকল্প হিসেবে এ ধরনের TA (Technical Assistance) প্রকল্প গ্রহণ করা যায়।

১৫.২ বৈদেশিক শিক্ষা সফরে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করলেও তারা দেশে ফিরে এসে তাদের বৈদেশিক অভিজ্ঞতা সম্পর্কিত কোন উপস্থাপনা করেননি। ফলে তাদের অর্জিত অভিজ্ঞতার আলোকে বাংলাদেশে এ প্রকল্পের তুলনামূলক বাস্তবায়ন বা অর্জন সম্পর্কে কোন ধারণা পাওয়া যায় না। ভবিষ্যতে এ ধরনের শিক্ষা সফরে অংশগ্রহণকারী কর্মকর্তাদের বৈদেশিক সফরের অভিজ্ঞতা সম্পর্কিত উপস্থাপনা আয়োজন ও সংশ্লিষ্ট দলিলপত্রাদি সংরক্ষণের বিষয়ে মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫.৩ মূল প্রকল্পটি অর্থাৎ DLMS প্রকল্পটির আওতায় দেশের ৭টি জেলার ৪৬টি উপজেলা ভূমি অফিসে DLMS Software স্থাপনপূর্বক জুন, ২০১৭ সালে প্রকল্পের কার্যাবলী সমাপ্ত হলেও Softwareটি এখন পর্যন্ত পূর্ণাঙ্গভাবে চালু করা সম্ভব হয়নি। সহায়ক এ প্রকল্পটির মাধ্যমে মূল প্রকল্পটিকে যথাযথ সহায়তা করা হলেও মূল প্রকল্পটি তার উদ্দেশ্য অর্জনে ব্যর্থ হয়েছে। এ বিষয়ে বিস্তারিত মূল প্রকল্পের PCR মূল্যায়ন প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নের পর তা থেকে উদ্দীষ্ট সেবা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহকে বিশেষভাবে উদ্যোগী হওয়া প্রয়োজন।

Strengthening Governance Management Project (Component-B: Digital Land Management System) **শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন ২০১৭)

১.০ প্রকল্পের নাম : Strengthening Governance Management Project (Component-B: Digital Land Management System)

২.০ মন্ত্রণালয়/বিভাগ : ভূমি মন্ত্রণালয়

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং Asian Development Bank

৪.০ প্রকল্পের অবস্থান : ২টি বিভাগের ৭টি জেলার ৪৫টি উপজেলার ৪৬টি ভূমি অফিস

বিভাগ	জেলার নাম	উপজেলার নাম
রাজশাহী	দিনাজপুর	দিনাজপুর সদর, বিরামপুর, বীরগঞ্জ, বিরল, বোচাগঞ্জ, চিরিরবন্দর, ফুলবাড়ি, ঘোড়াঘাট, হাকিমপুর, কাহারোল, খানসামা, নওয়াবগঞ্জ, পার্বতীপুর
	পাবনা	পাবনা সদর, আটঘরিয়া, বেড়া, ভাঙ্গুরা, চাটমোহর, ফরিদপুর, ঈশ্বরদী, সাথিয়া, সুজানগর,
	রাজশাহী	পুঠিয়া, বাঘা
ঢাকা	গাজীপুর	গাজীপুর সদর, টংগী রেভিনিউ সার্কেল, কালিয়াকৈর, কালিগঞ্জ, কাপাসিয়া, শ্রীপুর
	গোপালগঞ্জ	গোপালগঞ্জ সদর, কাশিয়ানি, কোটালিপাড়া, মকসুদপুর, টুঙ্গিপাড়া
	জামালপুর	বকশিগঞ্জ, দেওয়ানগঞ্জ, ইসলামপুর, মাদারগঞ্জ, মেলান্দহ, শরিষাবাড়ি
	শেরপুর	শেরপুর সদর, ঝিনাইগাতি, নকলা, নলিতাবাড়ি, শ্রীবর্দি

৫.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা প্রঃ সাঃ	সর্বশেষ সংশোধিত মোট টাকা প্রঃ সাঃ	মোট টাকা প্রঃ সাঃ	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৩৫৩৯.৫৮ ২৪২৫.৭৩ ১১১১৩.৮৫	১৫৫৪৭.১৭ ২৭৫৫.১৮ ১২৭৯১.৯৯	১০২১৮.০৮ ১৫৭৫.১৮ ৮৬৪২.৯০	০১/০৭/২০১১ হতে ৩১/১২/২০১৩	০১/০৭/২০১১ হতে ৩০/০৬/২০১৭	০৮/১২/২০১১ হতে ৩০/০৬/২০১৭	-	১৪০%

৬.০ পটভূমি ও উদ্দেশ্য :

৬.১ <u>প্রকল্পের পটভূমিঃ</u>

জনবহুল বাংলাদেশে ভূমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সম্পদ। বর্তমানে ভূমি প্রশাসন ব্যবস্থাপনায় রেকর্ড স্বত্ব ও রেকর্ড সংরক্ষণসহ সকল ক্ষেত্রে সমস্যা রয়েছে। ফলে ভূমি ব্যবস্থাপনায় বিদ্যমান অবস্থা ও পদ্ধতি জনসাধারণের চাহিদা পূরণ করতে পারছেনা। ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে জনগণকে কাঙ্খিত সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হলে আধুনিক

প্রযুক্তি ব্যবহারেরর কোন বিকল্প নেই। আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহারেরর মাধ্যমে ভূমি প্রশাসনকে গতিশীল, টেকসই ও জনকল্যাণমুখী গড়ে তোলা অত্যাবশ্যক। এ লক্ষ্যে তথ্য প্রযুক্তি নির্ভর একটি জনকল্যাণমুখী, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক ভূমি প্রশাসন ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে মূল প্রকল্পটি ১৩৫৩৯.৫৮ লক্ষ টাকা (জিওবি ২৪২৫.৭৩ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১১১১৩.৮৫ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে ১৩.০৯.২০১১ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়।

৬.২ প্রকল্পের উদ্দেশ্য (ডিপিপি অনুযায়ী)

সীমিত সম্পদ যথাযথ ব্যবহারের মাধ্যমে প্রযুক্তি ও ই-গভর্নেন্স অ্যাপ্লিকেশন ব্যবহার করে জনসেবা প্রদানের গুণগত মান উন্নত করা এবং সুশাসন নিশ্চিত করা।

৭.০ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম :

(ক) সর্বশেষ জরিপে প্রণীত মৌজা ম্যাপ ও খতিয়ান এবং মিউটেশন খতিয়ানের উপর ভিত্তি করে বাংলাদেশের ৭টি জেলার ৪৫টি উপজেলার ৪৬টি ভূমি অফিস ও একটি রাজস্ব সার্কেলের জন্য ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা পদ্ধতি (DLMS) সফটওয়্যার প্রস্তুতকরণ ও প্রবর্তন।

(খ) জনগণকে ভূমির তথ্যাদি সম্পর্কিত সেবা প্রদানের লক্ষ্যে ২০টি ভূমি তথ্য সেবা কেন্দ্র (Land Information Service Centre) স্থাপন।

(গ) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরে ০১টি কেন্দ্রীয় ডাটা সেন্টার স্থাপন করা।

(ঘ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে ০১টি ডিজাস্টার রিকভারী সেন্টার স্থাপন করা।

(ঙ) প্রকল্প এলাকার জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় ও প্রেরণ করা।

৮.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্তি প্রতিবেদন, পিসিআর এর ভিত্তিতে) **পরিশিষ্ট-ক**

৯.০ প্রকল্পের অনুমোদন ও সংশোধন সম্পর্কিত :

<u>১ম সংশোধন</u>

নিম্নবর্ণিত কারণে প্রকল্পটির ১ম সংশোধন করে ১৫৫৮৩.৯৯ (জিওবি ২৭৯১.৯৯ এবং প্রকল্প সাহায্য ১২৭৯২) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়ঃ

(ক) প্রকল্পটি এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর ঋণ সহায়তায় বাস্তবায়িত হয়। ঋণচুক্তি ও Project Information Manual (PAM) এর সাথে মূল DPP এর অসামঞ্জস্যতা দূরকরণ।

(খ) প্রকল্পের অনুমোদিত জনবলের মধ্যে ২টি পদের নাম সরকারের জনবল কাঠামোর নামের আদলে পরিবর্তন।

(গ) পরামর্শকের সুপারিশের ভিত্তিতে কতিপয় যন্ত্রপাতি বাদ দেয়া এবং ৪৫টি উপজেলা ও পিআইইউ এর জন্য প্রস্তাবিত ডাটা সেন্টার ও ডিজাস্টার রিকভারি সেন্টার স্থাপনের জন্য কতিপয় প্রয়োজনীয় যন্ত্রপাতি ও সরঞ্জামাদি অন্তর্ভুক্তকরণ।

(ঘ) ডিপিপিতে সংস্থানকৃত ২ জন বৈদেশিক পরামর্শক ও ৫ জন দেশীয় পরামর্শক এর সংস্থান PAM এর আলোকে বাদ দেয়া।

<u>২য় সংশোধন</u>

২৩ মে ২০১৬ তারিখে ১৫৫৪৭.১৭ (জিওবি ২৭৫৫.১৮ ও প্রঃ সাঃ ১২৭৯১.৯৯) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পের ২য় সংশোধনীর মাধ্যমে প্রকল্পের মেয়াদ জুন, ২০১৭ পর্যন্ত বর্ধিত করা হয়। মেয়াদ বৃদ্ধির কারণসমূহ নিম্নে উল্লেখ করা হলোঃ

(ক) বাস্তবতার নিরিখে ঠিকাদারগণ দাখিলকৃত দরপত্র ডিপিপিতে উল্লিখিত যন্ত্রপাতিসহ আরো অতিরিক্ত কিছু যন্ত্রপাতি অন্তর্ভুক্ত করে। পরবর্তীতে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে এই আইটেমগুলো অন্তর্ভুক্তকরণের জন্য ডিপিপি সংশোধন করা হয়।

(খ) নতুন পে-স্কেল ঘোষিত হওয়ায় পে-স্কেল অনুযায়ী বর্ধিত বেতন ও ভাতাদি অন্তর্ভুক্তকরণ।

(গ) প্রকল্পের আওতায় আসবাবপত্র, কাষ্টমার কেয়ার এসোসিয়েট ফার্ম নিয়োগের জন্য অতিরিক্ত সময় প্রয়োজন থাকায়।

(ঘ) প্রকল্পের আওতাধীন এলাকা গাজীপুর সদর উপজেলার মধ্যে একটি নতুন ভূমি অফিস টঙ্গী রেভিনিউ সার্কেল স্থাপিত হওয়ায় এই নতুন ভূমি অফিসের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র, আইটি সরঞ্জাম ক্রয়ের প্রস্তাব অন্তর্ভুক্তিকরণ।

১০.০ বছর ভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	সংশোধিত এডিপি বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			অবমুক্তি (টাকা)	ব্যয় ও ভৌত অগ্রগতি		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ
২০১১-১২	৩০৭.০০	৯.০০	২৯৮.০০	৯.০০	২.০০	২.০০	০.০০
২০১২-১৩	২৪.৭৭	২৪.৭৭	০.০০	২৪.৭৭	২১.৫৪	২১.৫৪	০.০০
২০১৩-১৪	১৫০.০০	১৫০.০০	০.০০	১৫০.০০	১৩৮.১৫	১৩৮.১৫	০.০০
২০১৪-১৫	৩০৫৫.০০	৫৫.০০	৩০০০.০০	৫৫.০০	৯৩৩.৭৭	৪৮.৭৬	৮৮৫.০১
২০১৫-১৬	৪৯৪০.০০	৯৪০.০০	৪০০০.০০	৯৪০.০০	১৪৮০.৪৫	৮৯০.৮৫	৫৮৯.৬০
২০১৬-১৭	৮৬০০.০০	৫২৩.০০	৮১০০.০০	৫২৩.০০	৭৬৪২.১৭	৪৭৩.৮৮	৭১৬৮.২৯
মোট	১৭০৭৭.০০	১৭০২.৭৭	১৫৩৯৮.০০	১৭০২.৭৭	১০২১৮.০০	১৫৭৫.১৮	৮৬৪২.৯০

১১.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম	**মূল দপ্তর ও পদবী**	**দায়িত্বকাল**	**দায়িত্বের ধরন**
জনাব আবুল কালাম আজাদ	জনপ্রশাসন মন্ত্রণালয়, যুগ্ম-সচিব	০৮-১২-২০১১ হতে ১২-১০-২০১৪	নিয়মিত
জনাব জিল্লুর রহমান এনডিসি	জনপ্রশাসন মন্ত্রণালয়, যুগ্ম-সচিব	১৩-১০-২০১৪ হতে ১৭-০৪-২০১৬	নিয়মিত
জনাব মোঃ আহসান হাবীব তালুকদার	জনপ্রশাসন মন্ত্রণালয়, যুগ্ম-সচিব	২০-০৪-২০১৬ হতে ৩০-০৬-২০১৭ (প্রকল্পের শেষ পর্যন্ত)	নিয়মিত

১২.০ প্রকল্প মূল্যায়ন পদ্ধতি : প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে-

- প্রকল্প দলিল পর্যালোচনা;

- ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রণীত পিসিআর পর্যালোচনা;
- ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- PEC সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- প্রকল্পের স্টিয়ারিং কমিটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি'র কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে মত বিনিময় এবং
- প্রকল্পের সরেজমিন পরিদর্শন এবং প্রকল্পের উপকারভোগী, সহকারী কমিশনার (ভূমি), রেকর্ড কিপার ও জেলা প্রশাসকের কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের সাথে আলোচনা।

১৩.০ প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
সীমিত সম্পদ যথাযথ ব্যবহারের মাধ্যমে প্রযুক্তি ও ই-গভর্নেন্স অ্যাপ্লিকেশন ব্যবহার করে জনসেবা প্রদানের গুণগত মান উন্নত করা এবং সুশাসন নিশ্চিত করা।	আলোচ্য প্রকল্পের মাধ্যমে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরে ০১টি কেন্দ্রীয় ডাটা সেন্টার এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে ০১টি ডিজাস্টার রিকভারী সেন্টার স্থাপন করা হয়েছে। ডিজিটাল ল্যান্ড ম্যানেজমেন্ট সিস্টেম পরিচালনার জন্য ০১টি উপযুক্ত সফটওয়্যার তৈরী করা হয়েছে। দেশের ০৭টি জেলার ৪৫টি উপজেলার ৪৬টি ভূমি অফিসে এই সফটওয়্যারটির কার্যক্রম চালু করার জন্য প্রয়োজনীয় আইসিটি যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন করা হয়েছে। ২০টি ভূমি তথ্য সেবা কেন্দ্র চালু করা হয়েছে। প্রকল্পভুক্ত মোট ১৮,৮৫৪টি মৌজা ম্যাপ সীট স্ক্যানিং, ইনডেক্সিং ও ১০,৩৪৮টি ম্যাপ ডিজিটাইজড করাসহ ৬৬,০৮,৩৯২টি খতিয়ানের (সিএস, এসএ, আরএস, মিউটেশনকৃত) স্ক্যানিং ও ৩০,৭৯,৪১২টি খতিয়ানের ডাটা এন্ট্রি করা হয়েছে। এছাড়া প্রকল্প এলাকার জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে সরবরাহ করা হয়েছে। তবে এ প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত DLMS (Digital Land Management System) সফটওয়্যারটি চালু না হওয়ায় প্রকল্পটি তার কাঙ্খিত উদ্দেশ্য অর্জনে ব্যর্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৪.০ পরিদর্শন ও পর্যবেক্ষণঃ

১৪.১ <u>প্রকল্পের মূল কার্যালয়</u>

আইএমইডি হতে গত ১০/১০/২০১৮ তারিখে ঢাকায় ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরে অবস্থিত এ প্রকল্পের মূল কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনে জানা যায় যে, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর ২০১১ সালে এডিবি হতে ঋণ নিয়ে এই প্রকল্পটি গ্রহণ করে। ভূমি সংস্কার বোর্ড এর সাথে উপজেলার ভূমি অফিসগুলোর সরাসরি সংশ্লিষ্টতা বিবেচনা করে প্রকল্প সমাপ্তির প্রায় ১ বছর পর ২০১৮ সালে এ প্রকল্পের সকল কার্যাবলী ভূমি সংস্কার বোর্ড এ হস্তান্তর করা হয়। ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এ অবস্থিত এই প্রকল্পের ডাটা সেন্টারটিও ভূমি সংস্কার বোর্ডে স্থানান্তরের প্রক্রিয়াধীন রয়েছে। এই ডাটা সেন্টার হতে বিভিন্ন জেলায় অবস্থিত উপজেলা ভূমি অফিস এর ডিএলএমএস বিষয়ক কার্যক্রম মনিটর করাসহ তথ্য সংরক্ষণ করা হয়। ডাটা সেন্টার হতে নিম্নবর্ণিত তথ্যাদি পাওয়া গিয়েছে।

ডিএলএমএস ডাটা কনভার্সন স্ট্যাটাস

ক্লাস্টার-২: ম্যাপ সীট স্ক্যানিং, ইন্ডেক্সিং এন্ড ডিজিটাইজেশন

ক্রম	জেলার নাম	সর্বমোট স্ক্যানকৃত সীট	সর্বমোট ইনডেক্সকৃত সীট	ম্যাপ ডিজিটাইজেশন
১	দিনাজপুর	৩০৫৮	৩০৫৮	৩০৪৭
২	গাজীপুর	২৫৪৩	২৫৪৩	১৪৩৪
৩	গোপালগঞ্জ	৩৮৮৭	৩৮৮৭	১৩৩২
৪	জামালপুর	২১০৪	২১০৪	১০৬৭
৫	পাবনা	৪৩৭৮	৪৩৭৮	২২২৯
৬	রাজশাহী	১০৫৫	১০৫৫	৩৩৭
৭	শেরপুর	১৮২৯	১৮২৯	৯০২
	সর্বমোট	১৮৮৫৪	১৮৮৫৪	১০৩৪৮

ডিএলএমএস ডাটা কনভার্সন স্ট্যাটাস


ক্লাস্টার-৩: খতিয়ান স্ক্যানিং, ইন্ডেক্সিং এন্ড এনকোডিং

ক্রম	জেলার নাম	সর্বমোট স্ক্যানকৃত সীট	সর্বমোট ইনডেক্সকৃত সীট	ডাটা এনকোডিং
১	দিনাজপুর	১৩৯৪০৪৪	১৩৯৪০৪৪	৫৫০৮০৭
২	গাজীপুর	৭৭০১৫৯	৭৭০১৫৯	৫০৯০৮৫
৩	গোপালগঞ্জ	৯৮৩৭৯১	৯৮৩৭৯১	৩৫৩০৮২
৪	জামালপুর	৮৩৮২৮৮	৮৩৮২৮৮	৪১৬৬৪৪
৫	পাবনা	১৭০৬২২৩	১৭০৬২২৩	৮০১৭৬৯
৬	রাজশাহী	৩৬৮৯০৫	৩৬৮৯০৫	১২৪৩৯৬
৭	শেরপুর	৫৪৬৯৮২	৫৪৬৯৮২	৩২৩৬২৯
	সর্বমোট	৬,৬০৮,৩৯২	৬,৬০৮,৩৯২	৩,০৭৯,৪১২

খতিয়ান টাইপ	সিএস	এসএ	আরএস	বিআরএস	এমকে	সর্বমোট
স্ক্যান্ড	১৬৩৫,৬৪০	১৮৫৬৪৮৬	৪৪৭৮৮৮	১৩৬৬১৮৩	১৩০২১৯৫	৬৬০৮৩৯২
ইনডেক্সিং	১৬৩৫,৬৪০	১৮৫৬৪৮৬	৪৪৭৮৮৮	১৩৬৬১৮৩	১৩০২১৯৫	৬৬০৮৩৯২

খতিয়ান টাইপ	সিএস	এসএ	বিআরএস	এমকে	আরএস	সর্বমোট
এনকোডেড	-	৩৭৯৬৩৩	১৩০৪২৯৮	১১৮১০৮০	২১৪৪০১	৩০৭৯৪১২





ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরে স্থাপিত প্রকল্পের ডাটা সেন্টার

১৪.২ গাজীপুর জেলার ভূমি অফিসসমূহ

১৪.২.১ আইএমইডি হতে ১৬/১০/২০১৮ ও ১৭/১০/২০১৮ তারিখে গাজীপুর জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুমসহ, গাজীপুর সদর, টঙ্গী রেভিনিউ সার্কেল, কাপাসিয়া ও শ্রীপুর উপজেলায় অবস্থিত ভূমি অফিসে প্রকল্পটির কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সহকারী কমিশনার (ভূমি), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা ও ঠিকাদারী প্রতিষ্ঠানের (প্রকল্প সমাপ্ত হবার পর ২ বছরের রক্ষণাবেক্ষণের জন্য চুক্তিবদ্ধ) কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

১৪.২.২ <u>সার্ভার কক্ষ স্থাপন করা হয়েছেঃ</u>

পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পের আওতায় উপরিল্লিখিত সকল উপজেলা ভূমি অফিসে একটি করে সার্ভার কক্ষ নির্মাণ করা হয়েছে। সার্ভার কক্ষটি ডিপিপিতে উল্লিখিত যন্ত্রপাতি স্থাপনপূর্বক আধুনিকভাবে সুসজ্জিত করা হয়েছে এবং প্রকল্পের আওতায় স্থাপিত সকল যন্ত্রপাতি চালু আছে। কোন যন্ত্রপাতি নষ্ট হলে কিভাবে প্রতিস্থাপন বা মেরামত করা হয়, এ সম্পর্কে জানতে চাইলে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) জানান, প্রকল্পের মেয়াদ জুন/২০১৭ তে শেষ হলেও ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে রক্ষণাবেক্ষণ চুক্তি রয়েছে জুন/২০১৯ পর্যন্ত। ফলে প্রকল্পের আওতায় চুক্তিবদ্ধ ঠিকাদারই কম্পিউটার সামগ্রীসহ অন্যান্য সংশ্লিষ্ট যন্ত্রপাতি মেরামত করছেন। তিনি জানান, প্রকল্পের আওতায় সরবরাহকৃত যন্ত্রপাতি/সামগ্রী নিয়ে তেমন কোন সমস্যা নেই।

১৪.২.৩ <u>ই-নামজারী প্রক্রিয়াঃ</u>

প্রকল্পের আওতায় স্থাপিত DLMS (Digital Land Management System) সফটওয়্যারটি চালু আছে কিনা এবং DLMS সফটওয়্যারের মাধ্যমে e-mutation কার্যক্রম সম্পন্ন করা যাচ্ছে কিনা এ বিষয়টি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হয়। পর্যবেক্ষণে দেখা যায় যে, ম্যানুয়ালি অর্থাৎ বর্তমানে যেভাবে/প্রক্রিয়ায় একটি মিউটেশন (নামজারী) করা হয় সে প্রক্রিয়াটিকেই ডিজিটাইজেশনের মাধ্যমে সফটওয়্যারটি তৈরী করা হয়েছে এবং এর সার্ভার স্থাপন করা হয়েছে প্রতিটি ভূমি অফিসে। ই-নামজারীর প্রক্রিয়াটি নিম্নে উল্লেখ করা হলোঃ

নাগরিকগণ অনলাইন-এ বা জেলা প্রশাসকের কার্যালয়ে অবস্থিত হেল্প ডেস্ক এর মাধ্যমে আবেদন করবেন।

↓

এই আবেদনটি অনলাইনে এসি ল্যান্ড এর নিকট আসবে। তিনি অনলাইন এ তার একাউন্ট খুলে আবেদনটি দেখতে পাবেন।

↓

এসি ল্যান্ড আবেদনটির প্রেক্ষিতে প্রস্তাব প্রেরণের জন্য তহসিলদার (ইউনিয়ন ভূমি অফিস) এর নিকট প্রেরণ করবেন।

↓

তহসিলদার পরিদর্শন করে এসি ল্যান্ড এর নিকট প্রস্তাব প্রেরণ করবেন।

↓

তহসিলদারের প্রস্তাব প্রাপ্তির পর এসি ল্যান্ড এটি যাচাই বাছাই করে মতামত প্রদানের জন্য কানুনগো এর নিকট প্রেরণ করবেন। কানুনগো তার মতামতসহ, সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করে প্রতিবেদন প্রেরণের জন্য নথিটি অনলাইনে সার্ভেয়ার এর নিকট প্রেরণ করবেন।

↓

সার্ভেয়ার সরেজমিন পরিদর্শন করে নথিটি নাজিরের নিকট শুনানীর নোটিশ জারীর জন্য প্রেরণ করবেন।

↓

নাজির নোটিশ জারী করবেন। নোটিশটি স্বয়ংক্রিয়ভাবে অনলাইনে তৈরী হবে। অতঃপর ডিজিটাল ম্যাপ আঁকার জন্য সার্ভেয়ার এর নিকট নথিটি ফেরত দিবেন।

↓

সার্ভেয়ার ডিজিটাল ম্যাপ আঁকবেন। তিনি সকল কাগজপত্র এসি ল্যান্ড এর নিকট প্রেরণ করবেন।

↓

এসি ল্যান্ড শুনানীর জন্য নির্ধারিত দিনে বাদী ও বিবাদী পক্ষের উপস্থিতিতে শুনানী গ্রহণ করবেন। প্রস্তাব, নতুন খতিয়ান ও আদেশপত্র অনুমোদন পূর্বক submit বাটনে ক্লিক করলে নির্দিষ্ট ফোল্ডারে আবেদন সংরক্ষিত হবে। অনুমোদিত না হলে rejected বাটন এ ক্লিক করলে নির্ধারিত ফোল্ডারে আবেদনপত্র সংরক্ষিত হবে।

↓

কোন সমস্যা থাকলে এসি ল্যান্ড পুনরায় শুনানী গ্রহণ করবেন এবং তার সিদ্ধান্ত প্রদান করে অনুমোদন অথবা reject করবেন।

↓

অনুমোদিত হবার পর শুনানীর তারিখেই সংশ্লিষ্ট আবেদনকারীর নিকট হতে ফি আদায় পূর্বক DCR কর্তন করা হবে। এই কাজটি ম্যানুয়ালি করা হবে। আবেদনকারীকে DCR এর একটি কপি ও নতুন খতিয়ানের একট কপি সরবরাহ করা হবে। DCR কপিটি বিদ্যমান সিষ্টেম এ স্ক্যান করে রাখার ব্যবস্থা রয়েছে।

১৪.২.৪ ই-নামজারী সফটওয়্যারটি পূর্ণাঙ্গভাবে চালু করা সম্ভব হয়নিঃ

১৪.২.৪.১ উপরিল্লিখিত এই পদ্ধতিটি অনুসরণ করে নামজারী করার পরিকল্পনা থাকলেও বাস্তবে দেখা যায় প্রকল্পটি সমাপ্তির প্রায় ১ বছর ৫ মাস অতিক্রান্ত হলেও ই-নামজারী পদ্ধতিটি চালু করা সম্ভব হয়নি। এর প্রধান কারণ হলো ই-নামজারী প্রক্রিয়ায় তহসিল অফিস ও এসি ল্যান্ড অফিস এর পারস্পরিক যোগাযোগের প্রয়োজন পড়ে। কিন্তু এই দুটো অফিসের মাঝে কোন কানেক্টিভিটি নেই। এ বিষয়ে জানা যায় যে, প্রকল্প প্রণয়নকালে তহসিল অফিসকে কানেক্ট করার জন্য যন্ত্রপাতি/সরঞ্জাম স্থাপনের প্রস্তাব ডিপিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছিল কিন্তু পরবর্তীতে ব্যয় হ্রাস করার জন্য এই সরঞ্জাম/ইকুইপমেন্টগুলো মন্ত্রণালয় পর্যায়ে ডিপিপি হতে বাদ দেয়া হয়। ফলে দেখা যায়, তহসিল অফিসের সাথে এসি ল্যান্ড অফিসের কানেক্টিভিটি না থাকায় সফটওয়্যারটি পূর্ণাঙ্গভাবে সচল করা সম্ভব হয়নি।

১৪.২.৪.২ এই সম্পর্কে ঠিকাদারী প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট প্রজেক্ট ম্যানেজার জানান তহসিল অফিসকে কানেক্ট করার লক্ষ্যে তারা প্রকল্প চলাকালীন মডিউল ডেভেলপ করেছেন। ফলে দুটো অফিসকে কানেক্ট করার জন্য পুনরায় সফটওয়্যার এর কোন মডিউল তৈরীর প্রয়োজন পড়বে না। তারা জানান ভিপিএন কানেকশন এর মাধ্যমে দুটো অফিসকে সংযুক্ত করা সম্ভব মর্মে তারা ইতোপূর্বে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে জানিয়েছেন। এছাড়া তারা তহসিল অফিসের জন্য লজিষ্টিক সাপোর্ট ও ভিপিএন কানেকশন প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ করার জন্য ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরকে পত্র প্রেরণ করেছেন।

১৪.২.৪.৩ গাজীপুরের ৪টি উপজেলা ভূমি অফিস পরিদর্শনকালে দেখা যায় যে, কোন ভূমি অফিসেই এই সফটওয়্যারটি পূর্ণাঙ্গভাবে চালু নেই। ফলে বাস্তবিক অর্থে e-mutation করা সম্ভব হচ্ছে না। তবে প্রকল্পের আওতায় টঙ্গী সার্কেল ভূমি অফিসে স্থাপিত LIC (Land Information Centre) তে প্রকল্পের একাধিক কর্মচারীর মাধ্যমে জনগণের নিকট থেকে প্রাপ্ত আবেদনপত্রগুলো স্ক্যান করে সার্ভার এ এন্ট্রি করা হচ্ছে এবং আবেদনপত্রের কাজ শেষ হয়ে গেলে অর্থাৎ নামজারী হবার পর সকল তথ্য স্ক্যান করে সার্ভার এ রাখা হচ্ছে।

১৪.২.৫ গ্যাপ ডেটা সমস্যাঃ

এ প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপি অনুযায়ী দেশের ৭টি জেলার ৪৫টি উপজেলায় সর্বমোট ৬৬ লক্ষ CS, SA, RS খতিয়ান স্ক্যান, ইনডেক্স এবং এনকোড করা হয়েছে মর্মে জানা যায়। উল্লেখ্য, ডাটা স্ক্যান বলতে খতিয়ান সমূহকে স্ক্যান করা, ইনডেক্সিং বলতে এগুলো সহজে খুঁজে বের করার জন্য ক্রমানুযায়ী সাজানো এবং এনকোডিং বলতে ভবিষ্যতে এই রেজিষ্টারগুলো হতে ডাটা জেনারেট করার জন্য স্ক্যান এর পাশাপাশি খতিয়ানে উল্লিখিত তথ্য সমূহ টাইপ পূর্বক এন্ট্রি করা বোঝায়। পরিদর্শনে জানা যায় যে, এই প্রকল্পের আওতায় স্ক্যানিং, ইনডেক্সিং এবং এনকোডিং কার্যক্রম সমাপ্ত হয়েছে প্রায় ৩ বছর পূর্বে অর্থাৎ ২০১৫ সালে। ফলে উক্ত সময়ে ডাটা এন্ট্রি হবার পর আর কোন ডাটা এন্ট্রি হয়নি কিন্তু নামজারী চলমান

রয়েছে। ফলে ২০১৫ এর পর অদ্যাবধি যে নামাজারীগুলো হয়েছে সেগুলোর তথ্য ডাটাবেইজে নেই। এছাড়া উক্ত সময়ে অনেক খতিয়ান পাওয়া যায়নি। বিশেষতঃ ছেড়া, নষ্ট এবং অস্পষ্ট থাকায় সকল খতিয়ান হতে ডাটা ডাটাবেইজ এ অন্তর্ভুক্ত করা সম্ভব হয়নি। এটাকে গ্যাপ ডেটা নামে অভিহিত করা হচ্ছে। গ্যাপ ডেটার কারণে অপেক্ষাকৃত নতুন খতিয়ানগুলো হতে নামজারী সম্ভব হচ্ছে না। এছাড়া কোন উপজেলা ভূমি অফিসই তার নিকট মোট কতগুলো খতিয়ান রয়েছে, এ সম্পর্কে কোন সুস্পষ্ট ধারণা দিতে পারে নাই।

১৪.২.৬ গ্যাপ ডেটা সমস্যার কারণে আবেদনপত্র গৃহীত না হওয়াঃ

গাজীপুর ভূমি অফিসে স্থাপিত LIC তে সফটওয়্যারটির কার্যক্রম পরিদর্শনে দেখা যায় যে, অনেক আবেদনই সিষ্টেমে গ্রহণ করা যাচ্ছে না। সংশ্লিষ্ট এসি ল্যান্ড জানান, এই সফটওয়্যার এর মাধ্যমে সিষ্টেম এর ডাটাবেইজ এ রক্ষিত খতিয়ানগুলো হতে স্বয়ংক্রিয়ভাবে নামজারী খতিয়ান জেনারেট হয়। ফলে যে খতিয়ান/দাগ নম্বর হতে নামজারী খতিয়ানটি প্রস্তুত করা হবে সেটি যদি ডাটাবেইজ এ না থাকে তবে সে আবেদন গৃহীত হয় না অর্থাৎ সফটওয়্যার এর মাধ্যমে নামজারী আবেদনের পরিবর্তে এই আবেদনগুলোর ক্ষেত্রে নামজারী করতে হয় ম্যানুয়ালি।

১৪.২.৭ গাজীপুরে নামজারী খতিয়ানে জোত নং না দেয়ায় উদ্ভুত সমস্যাঃ

প্রকল্প এলাকার অন্তর্গত ০৭টি জেলার মধ্যে এই গুরুতর সমস্যাটি শুধুমাত্র গাজীপুর জেলার গাজীপুর সদর এবং টঙ্গী রাজস্ব সার্কেলে দেখা যায়। এই ভূমি অফিসসমূহের সংশ্লিষ্ট সহকারী কমিশনারগণ (ভূমি) জানান, এই practiceটি দীর্ঘদিন যাবৎ গাজীপুর জেলায় প্রচলিত রয়েছে। বিধিমালায় উল্লেখ থাকলেও নতুন নামজারী খতিয়ানে কোন জোত নং দেয়া হয় না। শুধুমাত্র ২নং রেজিষ্টার অর্থাৎ তলববাকী রেজিষ্টারে কাটাছেড়া করে নতুন খতিয়ানের পরিমাণ অন্তর্ভুক্তকরণসহ নতুন মালিকদের নাম লেখা হয়। ফলে গাজীপুর সদর ও টঙ্গী সার্কেলে মোট কতটি খতিয়ান রয়েছে এবং সর্বশেষ আরএস খতিয়ান হতে মোট কতগুলো নামজারী করা হয়েছে এ সম্পর্কিত কোন তথ্য নেই যা অত্যন্ত আশংকাজনক। উল্লেখ্য যে, পরিদর্শনকালে টঙ্গী সার্কেলের সংশ্লিষ্ট কানুনগো জানান, এ প্রকল্প হতে তলববাকী রেজিষ্টারগুলোর তথ্য এন্ট্রি দেয়া হয়নি। তলববাকী রেজিষ্টার পরিদর্শনে দেখা যায় যে, এতে এতটাই কাঁটাছেড়া এবং অস্পষ্টতা রয়েছে যে সংশ্লিষ্ট ভূমি অফিসের সার্ভেয়ার বা কানুনগো এর সহায়তা ব্যতীত এই রেজিষ্টার হতে তথ্য ডিএলএমএস সিষ্টেমে এন্ট্রি দেয়া সম্ভব নয়, যা প্রকৃতপক্ষে জমিজমা সংক্রান্ত বিভিন্ন সমস্যায় নির্ভরযোগ্য তথ্য হিসেবে গণ্য নাও হতে পারে। এ সম্পর্কে ডিএলএমএস এর প্রকল্প ব্যবস্থাপক জানান তারা এই ধরনের অস্পষ্ট রেজিষ্টার হতে খতিয়ানের কোন তথ্য সিষ্টেমে অন্তর্ভুক্ত করেননি। উল্লেখ্য, এই সমস্যাটি শুধুমাত্র গাজীপুরের দুটো ভূমি অফিসেই দেখা গিয়েছে।

১৪.৩ গাজীপুর রেকর্ডরুমঃ

১৪.৩.১ গাজীপুর রেকর্ড রুমে ডিএলএমএস সফটওয়্যার হতে খতিয়ানের নকল ও ম্যাপ সরবরাহে সমস্যাঃ

আলোচ্য প্রকল্পের আওতায় গাজীপুর জেলার রেকর্ড রুমে স্থাপিত ডিএলএমএস এর সফটওয়্যারের কার্যক্রম পরিদর্শন করা হয়। ডিএলএমএস সফটওয়্যার হতে খতিয়ানের নকল ও মৌজা ম্যাপের কপি সরবরাহের ব্যবস্থা থাকলেও তা করা হচ্ছে না। এ বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব জানান, এ প্রকল্পের আওতায় যে সকল কম্পিউটার, প্রিন্টার, প্লটার ইত্যাদি সরবরাহ করা হয়েছিল, তা বর্তমানে কাজ করছে। তবে প্রকল্পের অর্থায়নে সরবরাহকৃত Computer Consumables বিশেষতঃ টোনার শেষ হয়ে যাওয়ায় বর্তমানে ডিএলএমএস সফটওয়্যার এর আওতায় এই কার্যক্রম বন্ধ রয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট রেকর্ড কিপার গাজীপুর জানান, রেকর্ডরুম হতে সংগৃহীত ফি সরাসরি সরকারি কোষাগারে জমা হয়। জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ড রুমের অনুকুলে কোন বরাদ্দ না আসায় তারা নিজেদের মতো করে স্টেশনারী (কাগজ, টোনার) ম্যানেজ করে রেকর্ডের নকল ও মৌজা ম্যাপ এর কপি সরবরাহ করছেন। পরিদর্শনে দেখা যায় যে, প্রতিটি খতিয়ানের নকল সংগ্রহ এবং মৌজা ম্যাপ এর কপি সংগ্রহের জন্য ডিসি অফিসের রেকর্ড রুমে সরকার নির্ধারিত ফি গ্রহণ ও ট্রেজারী চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা হয়।

১৪.৩.২ পর্যবেক্ষণে দেখা যায় যে, ডিএলএমএস এর সফটওয়্যার ডাটাবেইজ এ রক্ষিত খতিয়ান ও ম্যাপসমূহ ক্লায়েন্ট এর চাহিদা মোতাবেক সঙ্গে সঙ্গে অতি দ্রুত সরবরাহ করা সম্ভব হলেও শুধুমাত্র রেকর্ড রুমে স্টেশনারী আইটেম বাবদ কোন বরাদ্দ না থাকায় এই সফটওয়্যারের মাধ্যমে জনগণকে সেবা প্রদান করা যাচ্ছে না, যা অত্যন্ত হতাশাজনক।

১৪.৩.৩ রেকর্ড রুমের সংশ্লিষ্ট কর্মচারীদের মধ্যে সফটওয়্যার সম্পর্কে অহেতুক নেতিবাচক ধারণাঃ

পরিদর্শনে দেখা যায় যে, ডিএলএমএস সফটওয়্যারটির প্লটার মেশিনটি ম্যাপ কপি করে সরবরাহের কাজে ব্যবহার করা হচ্ছে না। সংশ্লিষ্ট রেকর্ড কিপার জানান, সার্ভেয়ার তাকে জানিয়েছেন এই মেশিন হতে ম্যাপ প্রিন্ট করলে ম্যাপের দাগগুলো মোটা কালিতে প্রিন্ট হয়, ফলে বাস্তব ক্ষেত্রে জমির পরিমাপে ভুল হয়। বিষয়টি পরীক্ষা করার জন্য প্লটার মেশিন হতে একটি ম্যাপ এর প্রিন্ট নিয়ে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর হতে সরবরাহকৃত অপর আরেকটি ম্যাপের সাথে তুলনা করা হয়। এতে দেখা যায় যে, মোটা বা চিকন দাগের কোন বিষয় নেই। প্লটার মেশিনটি হতে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর হতে সরবরাহকৃত মৌজা ম্যাপের অবিকল নকল পাওয়া যাচ্ছে। এ থেকে ধারণা করা যায় যে, এই সফটওয়্যার এবং এর কার্যক্রম সম্পর্কে তাদের মনে অহেতুক নেতিবাচক ধারণা রয়েছে যদিও তারা জানিয়েছেন যে, তারা ডিএলএমএস সফটওয়্যার এর বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করছেন।

১৫.০ রাজশাহী জেলা রেকর্ডরুমঃ

রাজশাহী জেলার পুঠিয়া উপজেলায় এবং রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুমে এ প্রকল্পের আওতায় ডিএলএমএস সফটওয়্যার স্থাপন করা হয়। আইএমইডির পক্ষ হতে গত ২২/১০/২০১৮ তারিখে পুঠিয়া উপজেলা ভূমি অফিস এবং জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুমে ডিএলএমএস সফটওয়্যার এর কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয়। এ সম্পর্কিত প্রধান প্রধান পর্যবেক্ষণসমূহ নিম্নে উল্লেখ করা হলোঃ

১৫.১ রেকর্ড রুমে প্রকল্পের মাধ্যমে নকল সরবরাহের কার্যক্রম চলমান রয়েছে

রাজশাহী জেলার রেকর্ডরুম পরিদর্শনকালে দেখা যায় যে, এ অফিস হতে ডিএলএমএস সফটওয়্যার এর মাধ্যমে আবেদনকারীদের মৌজা ম্যাপ ও খতিয়ানের নকল সরবরাহ করা হচ্ছে। পরিদর্শনকালে সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক রাজশাহী জেলায় নিয়োগকৃত কর্মচারীকে কর্মরত দেখা যায়। রেকর্ডরুমের স্টেশনারী সরবরাহ সংক্রান্ত বিষয়ে প্রশ্নের জবাবে রেকর্ড কিপার জানান, ডিএলএমএস প্রকল্পের আওতায় সরবরাহকৃত স্টেশনারী ও Computer Consumables শেষ হয়ে গেলেও ভূমি মন্ত্রণালয়ের অপর একটি প্রকল্প ডিআরআর এর আওতায় সরবরাহকৃত স্টেশনারীর মাধ্যমে তারা নকল সরবরাহের কাজ চালিয়ে যাচ্ছেন। জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুমের জন্য পৃথকভাবে অর্থ বরাদ্দ অত্যন্ত প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।



রাজশাহী জেলার রেকর্ডরুমের কার্যক্রম



রাজশাহী জেলায় হেল্প ডেস্কের কার্যক্রম

১৫.২ ডিআরআর ও ডিএলএমএস দুটি সমজাতীয় প্রকল্পের মাধ্যমে নকল সরবরাহ কার্যক্রমে সৃষ্ট অসুবিধাঃ

কম্পোনেন্ট-৪ :দক্ষতা উন্নয়ন-	➢ জিএনএসএস, আরটিকে এর উপর প্রশিক্ষণ গ্রহণের পর এ সকল যন্ত্রপাতির সাহায্যে প্রকল্পভুক্ত৩টি উপজেলায় ৪৭টি গ্রাউন্ড কন্ট্রোল পয়েন্ট স্থাপন করা হয়েছে। ➢ আর্ক জিআইএস , কিউজিআইএস, অর্থোফটোওলেইকাজি ও অফিস সফটওয়ারের সাহায্যে ডিজিটাল ম্যাপ প্রস্তুত করা হয়েছে। ➢ অর্থোফটোপ্রযুক্তি ব্যবহারের উপর প্রাথমিক ধারণা অর্জিত হয়েছে। ➢ আইডিএলআরএস সফটওয়ার পরিচালনার জন্য ৩টি উপজেলায় ৫০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জিএনএসএস, কিউজিআইএস, আর্কজিআইএস, অর্থোফটো এর উপর ৩৫ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	প্রকল্পের আওতায় প্রশিক্ষিত জনবল এর তুলনায় আধুনিক ভূমি জরিপ যন্ত্রপাতির (ইউএভি, জিপিএস) অভাব রয়েছে।
কম্পোনেন্ট-৫ **জনসচেতনতাসৃষ্টি**	➢ ড্রাফট পাবলিকেশনে ম্যাপ ও রেকর্ড ডিসপ্লে; উঠানবৈঠক, মাইকিং, লিফলেট, মোবাইল ফোন মেসেজিংওভয়ে সকল প্রেরণের মাধ্যমে ডিজিটাল ভূমি জরিপ সম্পর্কে ভূমিমালিকদেরসচেতনতাবৃদ্ধি।	প্রকল্প চলাকালে ডিজিটাল জরিপ কাজে উক্তপদ্ধতির পর্যাপ্ত জনবলের অভাবে ধারাবাহিকতাসমানভাবেপরিচালনা করা সম্ভব হয়নি।

০৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

সরেজমিনে প্রকল্প দপ্তর ও প্রকল্প এলাকা পরিদর্শন ও PCR পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য নির্ধারিত নিম্নোক্ত কাজসমূহ অসমাপ্ত রয়েছে:

ক) এ প্রকল্পের মাধ্যমে প্রণয়নকৃত "জাতীয় ভূমি নীতি " যথারীতি প্রকল্প কার্যালয় হতে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের মাধ্যমে

ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। নীতিটির চূড়ান্তকরণ ও অনুমোদনের বিষয়টি ভূমিমন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।

খ) এ প্রকল্পের আওতাভূক্ত রাজশাহীর মোহনপুর ও জামালপুর সদর উপজেলার সকল মৌজার কিস্তোয়ার সম্পন্ন শেষে ডিজিটাল মৌজা ম্যাপ প্রণয়ন করা সম্ভব হয়েছে কিন্তু পরবর্তীতে জনসাধারণের বাধা জরিপ কাজে জনসচেতনতা বৃদ্ধির জন্য নিয়জিত এনজিও সম্পর্কে জনগণের ভুল ধারণা সৃষ্টি হওয়ায় (বেসরকারী জরিপ) পরবর্তী কার্যক্রম গ্রহনান্তে সকল মৌজার সকল কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি। প্রকল্প চলাকালে মোহনপুরের ১০টি মৌজা, আমতলী ০ ৪ টি মৌজা এবং জামালপুর সদর উপজেলার ৩৫টি মৌজার সকল কাজ সম্পনান্তে রেকর্ড সমূহ জেলা জজ কার্যালয়ে, সহকারী কমিশনার ভূমি কার্যালয়ে প্রেরণ করা সম্ভব হয়েছে।মহামান্য হাইকোর্টে রীট আবেদনের স্থগিতাদেশেরে কারণে বরগুনা জেলা আমতলী উপজেলার ডিজিটাল ভূমি জরিপের কাজ স্থগিত আছে।

গ) এ প্রকল্পের যুগান্তকারী পদক্ষেপ আইডিএলআরএস পদ্ধতিপ্রবর্তন। তবে এ পদ্ধতিটি অনুসরণ করে সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা সাব রেজিস্ট্রার অফিসের সাথে সংযোগ স্থাপন করা হলেও সেখানে প্রয়োজনীয় লোকবলের অভাবে এতদসংক্রান্ত কার্যক্রম আশানুরূপভাবে এগিয়ে যাচ্ছেনা ।আমতলীতে আইডিএলআরএস এর কানেক্টিভিটি স্থাপিত হয়েছে বটে , তবে সেখানে জনবল ও অন্যান্য সুবিধাদি না থাকার কারণে অনলাই নমিউটেশন কার্যক্রম শুরু করা যায়নি।

ঘ) বাংলাদেশে বিদ্যমান জরিপ কাজের সংশ্লিষ্ট আইন ও ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট আইন সমূহেক যুগোপযোগী করে যে সকল খসড়া আইন তৈরী করা হয়েছে সেগুলো এখনও পর্যালোচনা হয়নি।

ঙ) প্রকল্প প্রণয়নের সময় জরিপ সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের জনবলকে সম্পৃক্ত না করার কারণে এই প্রকল্পের জন্য নির্ধারিত কাজ সমূহ পরিচালনা করার জন্য যে পরিমাণ প্রশিক্ষিত জনবল তৈরী করা প্রয়োজন এবং আধুনিক ভূমি জরিপ যন্ত্রপাতির (ইউএভি, জিপিএস) প্রয়োজন ছিল তা সঠিকভাবে নিরুপন না করার কারণে পর্যাপ্ত সংখ্যক প্রয়োজনীয় জনবল তৈরী ও যন্ত্রপাতির অভাব ছিল।

চ) চলমান ডিজিটাল জরিপ কাজে উক্ত ডিজিটাল জরিপ কাজটির যে পদ্ধতি অনুসরণ করা প্রয়োজন ছিল বিভিন্ন অনিবার্য কারণে ধারাবাহিকতা সমানভাবে রক্ষা করা হয়নি। (অধিদপ্তর হতে প্রকল্পে যথাসময়ে জনবল প্রেরণ না করা, প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিত মনিটরিং না করা ইত্যাদি)।

১০। প্রকল্প গ্রহণের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রম:

১০.১ প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশের সামগ্রিক উন্নয়নের জন্য দেশের ভূমি জরিপ, প্রশাসন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি দক্ষ পদ্ধতি গড়ে তোলা প্রয়োজন। বাংলাদেশের মোট আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার। জনসংখ্যা প্রায় ১৫.৯৭ কোটি। এ দেশে প্রতি বর্গকিলোমিটারে গড়ে ১০৩৫ জনের বেশি লোক বাস করে (বাংলাদেশি ইকোনমিক রিভিউ-২০১৫)। বাংলাদেশ বিশ্বের ঘন বসতিপূর্ণ একটি দেশ। বাংলাদেশে জনপ্রতি ভূমির পরিমাণ ০.০৬ হেক্টরেরও কম। (এফএও ২০১৩)। অকৃষি খাতে ভূমির ক্রমবর্ধমান চাহিদা বৃদ্ধির কারণে এ পরিস্থিতির আরও অবনতি হওয়ার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশে ভূমি হস্তান্তর ও ভূমি ব্যবহারে শ্রেণী পরিবর্তনের হার অত্যধিক বেশি। কৃষি জমির পরিমাণ এখন মোট জমির প্রায় ৮৪ শতাংশ। জনসংখ্যা বৃদ্ধির সাথে নতুন আবাসন, রাস্তাঘাট, শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন অবকাঠামো ইত্যাদি নির্মাণের জন্য কৃষি জমি ব্যবহার হওয়ার ফলে কৃষি জমির পরিমাণ প্রতি নিয়ত উল্লেখযোগ্য হারে হ্রাস পাচ্ছে। অ-কৃষি খাতে কৃষি জমির ব্যবহার বৃদ্ধি পাওয়া এবং জলবায়ু পরিবর্তন ও ভূ-অবক্ষয় বৃদ্ধির কারণে দেশের মানুষের খাদ্য চাহিদা পূরণ ও খাদ্য নিরাপত্তা প্রদানের জন্য আমাদের দেশের ভূমি সম্পদকে পরিকল্পিতভাবে ব্যবহার করা প্রয়োজন। সঠিক ভূমি ব্যবস্থাপনা এবং অপ্রতুল কৃষি জমির পরিকল্পিত ব্যবহারসহ

একটি দক্ষ ভূমি প্রশাসন ব্যবস্থা গড়ে তোলার নিমিত্ত ভূমি সম্পর্কিত সঠিক তথ্যাদি একান্ত প্রয়োজন। টেকসই ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে এ দেশের সামগ্রিক উন্নয়ন, ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণসহ জনগণের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব।

১০.২ প্রকল্পের উদ্দেশ্যঃ প্রকল্পটির মূল উদ্দেশ্য হলোঃ

১. ভূমি ব্যবস্থাপনার আধুনিকায়ন এবং এ ব্যবস্থার সাথে সমপৃক্ত জনবলের দক্ষতা বৃদ্ধি;

২. ভূমি রেকর্ড ব্যবস্থপনার পরিবর্তনের মাধ্যমে ভূ সম্পদের সর্ব্বোতম ব্যবহার নিশ্চত করা;

৩. জনগনকে ভূমি সংক্রান্ত সেব সমূহ প্রদান করা;

৪.ভূমি ব্যবহার ও জোনিং এবং খাস , চর ও অন্যান্য তসরকারী জমির সমন্বি ব্যবস্থাপনার জন্য জাতীয় ভূমিনীতি ও উপনীতি প্রণয়ন;

খ.ভূমি মালিকানা প্রতিষ্ঠায় একটি নির্ভরযোগ্য ভূমি রেকর্ড প্রণয়ন:

- ❖ জাতীয় পর্যায়ে খাস জমি,চর ও সরকারী জমিসহ ভূমি সংক্রান্ত একটি জাতীয় ভূমি নীতি ও উপ-নীতিমালা প্রণয়ন করা; এবং
- ❖ জমির মালিকানা বিষয়ে একটি নির্ভরযোগ্য ভূমি রেকর্ড পদ্ধতির প্রবর্তন করা।

১১। প্রকল্প অনুমোদন ও সংশোধনঃ ২১ অক্টোবর ২০১১ সালে এ প্রকল্পের মূল টিপিপি অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে ২১ অক্টোবর ২০১১ থেকে ডিসেম্বর ২০১৫ মেয়াদে ১০৬৬৩.৩০ লক্ষ টাকা (অনুদান ১০০০০.০০+ জিওবি ৬৬৩.৩০) প্রাক্কলিত ব্যয়ের সম্বলিত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন জারী করা হয়। পরবর্তীতে বাস্তবতার নিরিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক জানুয়ারী ১৮.০১.২০১৬ তারিখে ১ম সংশোধিত টিপিপি ১০৬৪২.৯১ লক্ষ টাকা (অনুদান ১০০০০.০০+ জিওবি ৬৪২.৯১) ব্যয়সহ অনুমোদিত হয়।

১২। টিপিপি লক্ষ্যমাত্রা, এডিপি/আরডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ

অর্থবছর	মূল টিপিপি অনুযায়ী আর্থিক বাস্তব লক্ষ্যমাত্রা		সর্বশেষ টিপিপি অনুযায়ী প্রক্ষেপিত বরাদ্দের পরিমাণ	প্রকৃত বরাদ্দ	প্রকৃত ব্যয়
২০১১-১৫	১০৬৬৩.৩০	১০০%	৪.৯৯৮৭	-	--
২০১১-১৭	১০৬৪২.৯১	১০০%	১৩.৮১	--	--
২০১১-১২			৪.৯৯৮৭	০.৫০	০.৫০
২০১২-১৩			১৩.৮১	২০.৫০	২০.০০
২০১৩-১৪			২২.০০	২৩.৫০	৩.৫০
২০১৪-১৫			২০.১৩৪৩	৮.৫৪	২৩.২৮৪
২০১৫-১৬			২২.৭৭২৪	৮.৪০	২৪৭৯.৫৪
২০১-১৭			২২.৭১৩৭	১০.৪৩	২১০৮.০০
মোট			১০৬.৪২৯১		

১৩। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্ব পালনের মেয়াদ	
				যোগদানের তারিখ	অব্যহতির তারিখ
০১.	জনাব পুণ্যব্রত চৌধুরী, যুগ্মসচিব,ভূমি মন্ত্রণালয়	-	অতিরিক্ত দায়িত্ব	জুলাই ২০১১	জানুয়ারি ২০১২
০২.	জনাব বি.এম.এনামুল হক, যুগ্ম সচিব ও প্রকল্প পরিচালক	-	নিয়মিত দায়িত্ব	ফেব্রুয়ারি ২০১২	ডিসেম্বর ২০১২
০৩.	জনাব সত্যব্রত সাহা , যুগ্ম সচিব ,ভূমি মন্ত্রণালয়	-	অতিরিক্ত দায়িত্ব	জানুয়ারি ২০১৩	জানুয়ারি ২০১৪
০৪.	জনাব মোঃ শামসুল আলম , অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক	-	নিয়মিত দায়িত্ব	ফেব্রুয়ারি ২০১৪	জুন ২০১৭

১৪। প্রকল্প পরিদর্শনঃ

সরেজমিনে প্রকল্প অফিস, জোনাল সেটেলমেন্ট অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার ভূমির কার্যালয় ও সহকারী সেটেলমেন্ট অফিসারের কার্যালয় ও নথিপত্র পরিদর্শন করা হয়।

১৫। অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

১৫.১ **পরামর্শক সেবাঃ** এ প্রকল্পে মোট আন্তর্জাতিক পরামর্শক হিসেবে ৯ ক্যাটাগরিতে মোট ১৩৪ জনমাস পরামর্শক সেবা ধরা হয়েছিল কিন্তু ১৮৬ জনমাসের জন্য চুক্তি সম্পাদন করা হয়েছিল এবং প্রকৃত পক্ষে ১৮৬ জনমাস পরামর্শক সেবা গ্রহন করা হয়েছে। এ প্রকল্পে মোট দেশীয় ৮ ক্যাটাগরিতে ৩১৬ জন মাস পরামর্শক সেবা ধরা হয়েছিল কিন্তু ৩৪৬ জনমাসের জন্য চুক্তি সম্পাদন করা হয়েছিল এবং প্রকৃত পক্ষে ৩৪৬ জনমাস সেবা গ্রহন করা হয়েছে।

১৬। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত	অর্জিত
১. ভূমি ব্যবস্থাপনার আধুনিকায়নের লক্ষ্যে জাতীয় ভূমি নীতি ও উপনীতি তৈরী	১. এ লক্ষ্যে প্রাথমিক কাজ হিসেবে ইতোমধ্যে জাতীয় ভূমি নীতি ও জোনিং উপনীতি তৈরী করা হয়েছে বর্তমানে তা ভূমি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে।
২. ভূমি ব্যবস্থার সাথে সম্পৃক্ত জনবলের দক্ষতা বৃদ্ধি,	২. এ লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনার সাথে জড়িত বিভিন্ন পক্ষ যথা ভূমি অফিস, সাব রেজিষ্ট্রি অফিস, সহকারী কমিশনার ভূমির কার্যালয়,ভূমির সাথে সম্পৃক্ত বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠান, ভূমি মন্ত্রণালয় এবং অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদেরকে ভূমি সংশ্লিষ্ট বিষয়ে নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও আধুনিক জরিপের বিভিন্ন যন্ত্রপাতির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নীতিনির্ধারনী পর্যাযে ব্যক্তিগণকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান, এক্সপোজার ভিজিট, সভা-সেমিনার, ওয়ার্কশপ ও সিম্পোজিয়াম আয়োজনের মাধ্যমে পর্যাপ্ত অংশগ্রহণ ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি করা হয়েছে। উল্লেখ্য যে এ সকল কার্যক্রমের মাধ্যমে ১২৯ জনকে দেশীয়, ৯জনকে বৈদেশিক প্রশিক্ষণ এবং ২৪ জনকে এক্সপোজার ভিজিটে অংশগ্রহণ করেছে।
৩.ভূমি রেকর্ড ব্যবস্থপনার পরিবর্তনের মাধ্যমে ভূ সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা	৩.ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ করণের জন্য পাইলট ০৩টি উপজেলায় জরিপ কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে চালু

পরিকল্পিত	অর্জিত
	করা হয়েছে। ভূমির ব্যবস্থাপনার সাথে জড়িত ৩টি প্রতিষ্ঠান যথা- সাব রেজিষ্ট্রি অফিস, সহকারী কমিশনার ভূমির অফিস এবং ইউনিয়ন পর্যায়ে ভূমি অফিসকে সংযুক্ত করার কার্যক্রম গৃহীত হয়েছে।
৪. জনগনকে ভূমি সংক্রান্ত সেবাসমূহ প্রদান করা	৪. এ সেবা প্রদানের লক্ষ্যে যশোরের মনিরামপুর উপজেলায় সমন্বিত ব্যবস্থার মাধ্যমে সাব রেজিষ্ট্রি অফিস হতে ইউনিয়ন ভূমি অফিস পর্যন্ত ইলেকট্রনিক পদ্ধতিতে এলটি নোটিশ জারীসহ মিউটেশন পদ্ধতি চালু করা সম্ভব হয়েছে। এছাড়াও তৈরীকৃত ডিজিটাল ম্যাপ ও ডিজিটাল রেকর্ড একত্রে সমন্বিত করা সম্ভব হয়েছে। এটি পুরোপুরি চালুকরণের জন্য কানেকটিভিটি তৈরী করা হয়নি।
৫. অথরিটেটিভ ল্যান্ড রেকর্ড : ডিজিটাল ভূমি জরিপ	৫. এ পাইলট প্রকল্পের মাধ্যমে অর্জিত জ্ঞানকে কাজে লাগিয়ে প্রকল্পভুক্ত ৩টি ৪৭ টি গ্রাউন্ড কন্ট্রোল পয়েন্ট (জিসিপি) স্থাপন করে ডিজিটাল ভূমি জরিপের নেটওর্য়াক স্থাপন করা সম্ভব হয়েছে। পরবর্তীতে এই জ্ঞান কাজে লাগিয়ে রুপপুর পারমানবিক বিদ্যুৎ প্রকল্প ও মহেশখালীতে ত্রিমাত্রিক কোঅর্ডিনেট মানসহ জিওডেটিক কন্ট্রোল পয়েন্ট স্থাপিত হয়েছে যা ইউনির্ভাসাল।
৬. জনসচেতনতা সৃষ্টি	৬. প্রকল্পের আওতায় সৃষ্ট ডিজিটাল ম্যাপের ড্রাফট পাবলিকেশন ও রেকর্ড ডিসপ্লে , উঠান বৈঠক , মাইকিং, লিফলেট, মোবাইল ফোন মেসেজিংওভয়ে সকল প্রেরণের মাধ্যমে ডিজিটাল ভূমি জরিপ সম্পর্কে ভূমিমালিকদেরসচেতনতাবৃদ্ধি করা সম্ভব হয়েছে।



১. জনসচেতনতা এর জন্য প্রকাশিত ও প্রচারিত লিফলেটে ডিজিটাল জরিপে ভূমি মালিকের করণীয় অধিকার



২.জনসচেতনতা এর জন্য প্রকাশিত ও প্রচারিত লিফলেট



৩. জনসচেতনতা এর জন্য প্রকাশিত ও প্রচারিত লিফলেটে ডিজিটাল ভূমি জরিপের স্তরসমূহ



৪. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রতিনিধি, সহকারী কমিশনার ভূমি ও সহকারী সেটেলম্যান্ট অফিসার সহ সহকারী সেটেলমেন্ট অফিসের কার্যালয় পরিদর্শন



৫. প্রকল্পের আওতায় প্রকাশিত চূড়ান্ত প্রকাশনার বই সমূহ এসি ল্যান্ড অফিসে সংরক্ষিত

১৭। আইএমইডি'র মতামত/পর্যবেক্ষণ:

১৭.১ সরেজমিনে প্রকল্প অফিস, জোনাল সেটেলমেন্ট অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার ভূমির কার্যালয় ও সহকারী সেটেলমেন্ট অফিসারের কার্যালয় ও নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, এ প্রকল্পটি গ্রহণকালে জরিপ কাজে সংশ্লিষ্টদের সম্পৃক্ততা না থাকায় প্রকল্পের থীম অনুধাবন করা সংশ্লিষ্টদের জন্য কষ্টসাধ্য হয়েছে;

১৭.২ প্রকল্প পরিচালক নিয়োগে জরিপ সংক্রান্ত আইন কানুন ও জরিপের বাস্তব পদ্ধতি সর্ম্পকে যথেষ্ট জ্ঞান না থাকা, ভূমির সাথে সংশ্লিষ্ট আইন বিধি ও পদ্ধতি ইত্যাদি বিষয়ে প্রয়োগিক অভিজ্ঞতা না থাকায় এবং ঘন ঘন প্রকল্প পরিচালকের বদলী ইত্যাদি প্রকল্পের অহেতুক সময় অতিবাহিত হয়েছে;

১৭.৩ দেশীয় এবং আর্ন্তজাতিক পরামর্শক ব্যতীত এই পাইলট প্রকল্পের কাজর ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের নিজস্ব জনবল দিয়েই সম্পাদনের বিষয়টি টিপিপিতে অর্ন্তভূক্ত আছে কিন্তু প্রকল্পের কাজে যথাসময়ে অধিদপ্তর কর্তৃক জনবল সরবরাহ না করায় প্রকল্পের কাজ বিঘ্নিত ও দীর্ঘায়িত হয়েছে;

১৭.৪ প্রকল্পে নিয়োজিত ডিপিপি (উপ প্রকল্প পরিচালক) গণ অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত ছিলেন কিন্তু তাদের মূল কর্মস্থল প্রকল্প সংশ্লিষ্ট এলাকায় না হয়ে মূল অধিদপ্তরে অর্থাৎ ঢাকায় হওয়ায় তাদের পক্ষে প্রকল্প কাজে

মনোনিবেশ করা সম্ভব হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে। আইএমইডির মতে এই মর্মে প্রতিভাত হয়েছে যে যদি উপ প্রকল্প পরিচালকগণ প্রকল্প এলাকায় পূর্ণকালীণ অথবা খন্ডকালীন দায়িত্ব পালন করতেন তবে এ প্রকল্পের নিবিড় মনিটরিং কাজ সম্পাদন করা যেত;

১৭.৫ প্রকল্পের মাধ্যমে অর্জিত ৩টি কার যা প্রকল্প পরিচালক এবং ২জন উপ প্রকল্প পরিচালক ব্যবহার করতেন। কিন্তু এদের মূল কর্মস্থল প্রকল্প এলাকা হতে অনেক দূরত্বে অবস্থানের কারণে প্রকল্প স্থানে এ কারগুলো দিয়ে যাতায়াত সময় সাশ্রয়ী নয় অর্থাৎ প্রকল্প এলাকায় যাতায়াতের জন্য যানবাহন হিসাবে কার ক্রয় মোটে ও সমীচীন হয়নি;

১৭.৬ প্রকল্পের অধীনে সংগৃহীত ৩টি কার রাজস্ব বাজেটে তথা ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের টিওএন্ডই তে অর্ন্তভূক্ত করা হয়েছে কিনা বা জনপ্রশাসন মন্ত্রণালয়ে জমা করা হয়েছে কিনা সে বিষয়ট স্পষ্ট নয়

১৭.৭ সংগৃহীত অন্যান্য যন্ত্রপাতির ব্যবহার করে Exit plan অনুযায়ী এ প্রকল্পের অধীনে গৃহীত অবশিষ্ট মৌজার ডিজিটাল ভূমি জরিপ কাজ সমাপ্ত করা যেতে পারে।

১৭.৮ বিদ্যমান যন্ত্রপাতিসমূহ ব্যবহারের পাশাপাশি জনবহুল এলাকায় জরিপ কার্য চালানো সময় ইউএভি প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে।

১৭.৯ ডিজিটাল ভূমি জরিপ কাজে নিয়োজিত কর্মকর্তা /কর্মচারীদের আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের উপর ধারাবাহিক ও রিফ্রেস প্রশিক্ষণের নিয়মিত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৭.১০ এ প্রকল্পের কাজ চলাকালীন আমতলী উপজেলায় মাননীয় হাইকোর্ট বেঞ্চ-এর রীট মামলার স্টে অর্ডার অতি দ্রুত ভ্যাকেট করার ব্যবস্থা নেয়া আবশ্যক কেননা বিগত ৬০ বছর ধরে এ স্থানে কোন জরিপ হয়নি। স্টে অর্ডার ভ্যাকেট করার পর গৃহীত ডিজিটাল জরিপ অপারেশন রাজস্ব বাজেটের আওতায় সম্পন্ন করা প্রয়োজন।

১৭.১১ আইডিএলআরএস পদ্ধতি সম্প্রসারণ ও কার্যকরী করার লক্ষ্যে প্রয়োজনীয় জনবল , লজিস্টিক সাপোর্ট ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৭.১২ নথি পর্যালোচনায় দেখা বিভিন্ন কারণে এ প্রকল্পের কাজ অত্যন্ত মন্থর এবং নিয়মানুগ হয়নি এ কারণে ইসি কর্তৃক এ প্রকল্পের অর্থ সরবরাহ স্থগিত করা হয়। পরবর্তীতে ভূমি মন্ত্রণালয়ের আন্তরিক প্রচেষ্টায় ফেব্রুয়ারি ২০১৪ হতে প্রকল্প পরিচালক পরিবর্তন করায় ইসি কর্তৃক ভূমি মন্ত্রণালয়কে অভিনন্দন পত্র প্রদান এবং শুধুমাত্র প্রকল্প কার্যালয়ে দৈনন্দিন আনুসাঙ্গিক ব্যয় (আপ্যায়ন ইত্যাদি) ব্যতীত ইসি কর্তৃক সকল ক্রয় ও ব্যয় সম্পাদন করা হয়। এ ধরণের কার্যক্রম একদিকে যেমন প্রকল্পের গতি মন্থর করে অপরদিকে দাতা সংস্থার নেতিবাচক মনোভাব সৃষ্টি হয়;

১৭.১৩ বর্তমান ভূমি ব্যবস্থাপনায় ভূমির ৩টি প্রধান সংস্থা যথা - এসি ল্যান্ড অফিস , সাব রেজিষ্টার অফিস , পৌর/ ইউনিয়ন ভূমি অফিস আন্তযোগাযোগ নাই সে কারণে এ পাইলট প্রকল্পের মাধ্যমে অর্জিত জ্ঞান কাজে লাগিয়ে বাংলাদেশের সবোর্ত্র এ ব্যবস্থা চালু করা একান্ত প্রয়োজন।

১৮। আইএমইডি'রসুপারিশমালাঃ

১৮.১ ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে ভূমি মন্ত্রণালয়কে প্রকল্প দলিল তৈরী করার সময় প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের অর্জিত অভিজ্ঞতা কাজের লাগানো বিষয়ে সচেষ্ট থাকা প্রয়োজন;

১৮.২ প্রকল্পের স্টিয়ারিং কমিটি ও প্রকল্পের বাস্তবায়ন কমিটি ছাড়াও প্রতিটি প্রকল্পের জন্য মন্ত্রণালয়, সংশ্লিষ্ট সংস্থা ও সংস্থাগুলির মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্মচারীর সমন্বয়ে মনিটরিং টিম গঠন নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখা প্রয়োজন;

১৮.৩ চলমান প্রকল্পে যেহেতু ভূমি মন্ত্রণালয়ের নিজস্ব অডিট সেল রয়েছে সেহেতু উক্ত সেলের মাধ্যমে নিয়মিত অডিট কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন এতে এ প্রকল্পে ইউ কর্তৃক বিভিন্ন আর্থিক অনিয়মের অভিযোগে অর্থ স্থগিতের বিষয়ের মতো নেতিবাচক কোন অবস্থার সৃষ্টি হবেনা;

১৮.৪ ভবিষ্যতে যানবাহন সংগ্রহকালে এ সকল যানবাহন কি কাজে সংগ্রহ করা হচ্ছে সে বিষয়ে গুরুত্বের সাথে বিবেচনা করে যানবাহনের ধরন নির্বাচন করা প্রয়োজন;

১৮.৫ প্রকল্পের মাধ্যমে অর্জিত যন্ত্রাংশ ও কার/ যানবাহন যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরে টিওএন্ডডি অর্ন্তভূক্ত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অথবা আইনানুগভাবে প্রক্রিয়াটি সম্পন্ন করার যথাযথ ব্যবস্থা গ্রহন করা যেতে পারে;

১৮.৬ যেহেতু ভূমি মন্ত্রনালয়ের কার্যক্রম তৃণমূল পর্যায়ের ১০০ ভাগ মানুষের স্বার্থ সংশ্লিষ্ট এবং জরিপকরণ, অধিকারের স্বত্ব প্রণয়ন ইত্যাদি কাজগুলি অধিকাংশই টেকনিক্যাল এবং বিশেষ জ্ঞান সম্পন্ন বিধায় এ সকল প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ তথা জনপ্রশাসন হতে পদায়নের ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় বিশেষ বৈশিস্ট্য তথা জ্ঞান সম্পন্ন ব্যক্তিকে পদায়নের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অধিযাচন পত্র প্রেরণের বিষয়ে সচেষ্ট থাকা প্রয়োজন;

১৮.৭ ভূমি মন্ত্রণালয় কর্তৃক ভবিষ্যতে যে সকল প্রকল্প গ্রহণ করা হবে অথবা গ্রহণ প্রক্রিয়াধীন সেসকল প্রকল্প গ্রহণকালে যেহেতু ইতোমধ্যে বহু সংখ্যক পাইলট প্রকল্প/ প্রকল্প বাস্তবায়িত হয়েছে সে সকল প্রকল্প হতে অর্জিত জ্ঞান যথাযথভাবে কাজে লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উদ্যোগী হতে হবে;

১৮.৮ ভূমি মন্ত্রণালয় কর্তৃক ভবিষ্যতে যে সকল প্রকল্প গ্রহণ করা হবে অথবা গ্রহণ প্রক্রিয়াধীন সেসকল প্রকল্প গ্রহণকালে যেহেতু ইতোমধ্যে বহু সংখ্যক পাইলট প্রকল্প/ প্রকল্প বাস্তবায়িত হয়েছে সে সকল ক্ষেত্রে বিদ্যমান জনবলের সাহায্যে বাস্তবায়ন করার ক্ষেতে যে ধরনের অসুবিধা অথবা যথাসময়ে জনবল কেন সরবরাহ করা সম্ভব হয়নি সে বিষয়গুলি খতিয়ে দেখে ভূমি মন্ত্রণালয় কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৮.৯ এ প্রকল্পের অবশিষ্ট কাজ Exit plan অনুযায়ী চলমান আছে তবে নিবিড় মনিটরিং এর মাধ্যমে রাজশাহী ও যশোর জেলায় কাজ সমূহ সম্পাদন এবং আমতলী উপজেলার মাননীয় হাইকোর্ট বেঞ্চ-এর রীটের স্টে অর্ডার ভ্যাকেট করে জরুরী জরিপ কাজ শুরু করা প্রয়োজন কেননা বাংলাদেশের অন্যান্য অঞ্চলের তুলনায় এ অঞ্চলে জরিপ কার্যক্রম গ্রহণের বিষয়টি পিছিয়ে আছে।

১৮.১০ একমাত্র এই পাইলট প্র কল্পটির মাধ্যমেই বাংলাদেশে প্রথমবারের মত ভূমি ব্যবস্থাপনায় ভূমির ৩টি প্রধান সংস্থা যথা - এসি ল্যান্ড অফিস , সাব রেজিষ্টার অফিস , পৌর/ ইউনিয়ন ভূমি অফিসকে ডিজিটালি আন্তযোগাযোগ ব্যবস্থা স্থাপন করা হয়েছে সে কারণে এ পাইলট প্রকল্পের মাধ্যমে অর্জিত জ্ঞান কাজে লাগিয়ে প্রথমত প্রকল্পভুক্ত ৩টি উপজেলা এবং বাংলাদেশের সবোর্ত্র এ ব্যবস্থা চালু করা একান্ত প্রয়োজন।

১৮.১১ প্রয়োজনে ভূমি মন্ত্রণালয় এ ধরণের প্রকল্পে প্রকল্প বাস্তবায়নে বৈদেশিক সাহায্য প্রাপ্তির বিষয়ে ইআরডি সহ দাতা সংস্থা গুলির সাথে নিবিড় যোগাযোগ স্থাপন করতে পারে;

উপরিউক্ত সুপারিশমালার ভিত্তিতে কার্যক্রম গ্রহন করত আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

জাতীয় ভূমি জোনিং প্রকল্প (২য় পর্যায়) শীর্ষক **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**
(সমাপ্তঃজুন ২০১৭)

০১। প্রকল্প নাম : জাতীয় ভূমি জোনিং প্রকল্প (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প।

০২। প্রশাসনিক মন্ত্রণালয় : ভূমি মন্ত্রণালয়

০৩। বাস্তবায়নকারী সংস্থা : প্রযোজ্য নয়

০৪। প্রকল্পের এলাকা : দেশের ৬৪টি জেলার ৪৯৩ টি উপজেলা এবং ৪৫৬২ টি ইউনিয়নের ৫৬৩৪৯ টি মৌজা (২৫ টি পার্বত্য উপজেলাসহ ১০টি উপকূলীয় উপজেলার পুনরায় জোনিং)

০৫। প্রকল্পের অর্থায়ন : জিওবি।

০৬। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত সময়ের %)
মূল	১ম সংশোধিত		মূল	১ম সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৭৮২.২৫	২৭৫৪.৯৬	২৭৫৪.৯৬	জুলাই ২০১২ হতে জুন ২০১৪	জুলাই ২০১২ হতে জুন ২০১৭	জুলাই,২০১২ হতে জুন ২০১৭	৫৪.৫৭%	৭৫%

০৭। অংগভিত্তিক অগ্রগতিঃ

Items of work (as per PP)	**Unit**	**Target (as per PP)**		**Actual Progress**		**Reasons for deviation (±)**
		Financial	**Physical (Quantity)**	**Financial**	**Physical (Quantity)**	
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
(a) Revenue components						
Officer`s Salary	person	27.99	1	27.88	100% (1)	---
Pay of Establishment	person	31.18	5	28.64	100% (5)	---
Allowances	LS	58.90	LS	39.27	67%	Omission of the Dearness and Deputation Allowance under New Pay Scale.
TA & DA	LS	59.08	LS	59.08	100%	---
Office rent	01	8.29	01	8.14	100%	---
Telephone	04	4.49	04	3.03	64%	Savings due to practicing austerities
Telax/Interent/Fax	LS	12.76	LS	8.15	64%	Savings due to practicing austerities
Electricity	LS	10.00	LS	7.94	100%	---
Fuel/Gas (1-Jeep, 2-Micro-Bus)	Nos	35.00	03	34.79	100%	---
Report Printing & Publication	LS	390.00	LS	389.86	100%	---
Stationary, Seals & Stamps	LS	10.00	LS	9.97	100%	---
Local Training	LS	4.85	LS	4.83	100%	---

Items of work (as per PP)	Unit	Target (as per PP)		Actual Progress		Reasons for deviation (±)
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
Seminars/Workshops etc.	LS	154.52	LS	154.52	100%	---
Rent for Vehicles(1 Jeep & 2 Mircrobus)	Nos	100.00	03	99.00	100% (3)	---
Remuneration for Local Consultants	Person	1093.52	36	959.64	88% (35)	Position of the 'Senior Land Zoning' Consultant was vacant due to lack of qualified candidate and deviation of the appoinment, contract period of consultants.
Land Use Survey (including hiring cost of Local Vehicles)	LS	81.27	LS	81.26	100%	---
Royalty	LS	553.06	LS	552.99	100%	
Others	LS	25.00	LS	25.00	(100%)	---
Sub-total (Revenue components)		**2659.91**		**2493.99**		
(b) Capital components						
Computer & Accessories	LS	70.00	30	62.62	(100%)	Savings due to practicing austerities
Office Machinery & Equipments	LS	12.22	LS	12.21	100%	---
Office furniture (Table, Chair, Air Cooler, Almira etc.)	LS	12.83	LS	12.83	100%	---
Sub-total (Capitalcomponents)		**95.05**		87.66		
Total		**2754.96**		**2581.65**	**100%**	

০৮। প্রকল্প গ্রহণের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রম:

৮.১ প্রকল্পের পটভূমিঃ

বাংলাদেশের সামগ্রিক উন্নয়নের জন্য দেশের ভূমি প্রশাসন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি দক্ষ পদ্ধতি গড়ে তোলা প্রয়োজন। বাংলাদেশের মোট আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার। জনসংখ্যা প্রায় ১৫.৯৭ কোটি। এ দেশে প্রতি বর্গকিলোমিটারে গড়ে ১০৩৫ জনের বেশি লোক বাস করে (বাংলাদেশি ইকোনমিক রিভিউ-২০১৫)। বাংলাদেশ বিশ্বের ঘন বসতিপূর্ণ একটি দেশ। বাংলাদেশে মাথাপিছু গড় ভূমির পরিমাণ ০.০৬ হেক্টরেরও কম (এফএও ২০১৩)। অকৃষি খাতে ভূমির ক্রমবর্ধমান চাহিদা বৃদ্ধির কারণে এ পরিস্থিতির আরও অবনতি হওয়ার সম্ভাবনা রয়েছে। এদেশের ভূমি হস্তান্তর ও ভূমি ব্যবহারের শ্রেণী পরিবর্তনের হার অত্যধিক বেশি। কৃষি জমির পরিমাণ এখন মোট জমির প্রায় ৮৪ শতাংশ। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে নতুন আবাসন, রাস্তাঘাট, শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন অবকাঠামো ইত্যাদি নির্মাণের জন্য কৃষি জমি ব্যবহার হওয়ার ফলে কৃষি জমির পরিমাণ প্রতি নিয়ত উল্লেখযোগ্য হারে হ্রাস পাচ্ছে। অ-কৃষি খাতে কৃষি জমির ব্যবহার বৃদ্ধি পাওয়া এবং জলবায়ু পরিবর্তন ও ভূ-অবক্ষয় বৃদ্ধির কারণে দেশের মানুষের খাদ্য চাহিদা পূরণ ও খাদ্য নিরাপত্তা প্রদানের জন্য আমাদের দেশের ভূমি সম্পদকে পরিকল্পিতভাবে ব্যবহার করা প্রয়োজন। সঠিক ভূমি ব্যবস্থাপনা এবং অপ্রতুল কৃষি জমির পরিকল্পিত ব্যবহারসহ একটি দক্ষ ভূমি প্রশাসন

ব্যবস্থা গড়ে তোলার নিমিত্ত ভূমি সম্পর্কিত সঠিক তথ্যাদি একান্ত প্রয়োজন। টেকসই ভূমি ব্যবস্থাপনার মাধ্যমে এ দেশের সামগ্রিক উন্নয়ন, ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণসহ জনগণের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব। এ কারণে ভূমির ব্যবহারের উপর নির্ভর করে ভূমিকে শ্রেণীবিন্যাস করা প্রয়োজন। শ্রেণীবিন্যাসের কাজটি সমগ্র পৃথিবীতেই ল্যান্ড জোনিং নামে অভিহিত। আমাদের দেশেও ভূমির ব্যবহারের শ্রেণীবিন্যাস করণের জন্য এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৮.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

- ভূমির গুণাগণ অনুযায়ী ভূমিকে প্লট ওয়ারী কৃষি, আবাসন, বাণিজ্যিক ও শিল্প উন্নয়ন ইত্যাদি ক্যাটাগরিতে বিভক্ত করে গ্রামাঞ্চলের জন্য মৌজা ও প্লটভিত্তিক ডিজিটাল ভূমি জোনিং ম্যাপ ও ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয় করা;
- মাঠ পর্যায়ে ভূমি ব্যবস্থাপনার ওপর সিদ্ধান্ত নেওয়ার সুবিধার্থে কেন্দ্রীয়ভাবে কম্পিউটারাজাইড ভূমি তথ্য সংরক্ষণ পদ্ধতি (Computerized Land Information System) স্থাপন;
- সুবিধাভোগী ও আগ্রহী জনগোষ্ঠীকে ভূমি ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং "জাতীয় ভূমি ব্যবহার নীতি-২০০১" হালনাগাদকরণ, কৃষি জমি সুরক্ষা ও ভূমি ব্যবহার আইন বাস্তবায়নে সহায়তা করা;
- ভূমি ব্যবহার পরিকল্পনা বিষয়ে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে মাঠ পর্যায় পর্যন্ত সভা, সেমিনার, কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনসহ পোস্টার, পুস্তিকা (Brochures), শর্ট ফিল্ম ইত্যাদি তৈরি এবং ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে তৃণমূল পর্যায় পর্যন্ত প্রচার প্রচারণা চালানো ও বিতরণ।

৮.৩ প্রকল্পের মূল কার্যক্রম :

১। জমির ব্যবহার জরিপকরণ
২। রয়ালিটি
৩। মৌজা ম্যাপ সীট সংগ্রহ
৪। মৌজা ম্যাপ সীট স্ক্যানিং
৫। মৌজা ম্যাপ সীট ডিজিটাইজেশন
৬। মৌজা ডাটাবেইজ ক্রিয়েশন
৭। এডিট প্লট চেকিং
৮। জিওরেফারেন্সসিংসহ মৌজা ম্যাপ
৯। মৌজা ম্যাপের এজ ম্যাচিং
১০। গ্রাউন্ড ট্রুথিং/ফিল্ড চেকিং
১১। হাই রেজুলেশন স্ক্যানার সংগ্রহ (ফ্লাটবেড আনুসঙ্গিক উপকরণসহ)
১২। অফিস নেটওয়ার্ক স্থাপন
১৩। সার্ভার (অন্যান্য যন্ত্রাংশসহ) সংগ্রহ
১৪। কম্পিউটার ও যন্ত্রাংশ (উপজেলা পর্যায়ে জোনিং ম্যাপ আপ গ্রেডেশন এর জন্য ৪৯৩ সেট এবং প্রকল্প অফিসের জন্য ৩০ সেট) সংগ্রহ

০৯। প্রকল্প অনুমোদন ও সংশোধনঃ ২৭ মার্চ ২০১২ সালে এ প্রকল্পের মূল ডিপিপি পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে ০৭.০৮.২০১৬ খ্রি: তারিখে প্রকল্পটি জুলাই ২০১২ হতে জুন ২০১৪ মেয়াদে ১৭৮২.২৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের সম্বলিত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন জারী করা হয়। পরবর্তীতে বাস্তবতার নিরিখে ১ম সংশোধনী জুলাই ২০১২ হতে জুন ২০১৫ পর্যন্ত মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়, প্রকল্পের ২য় সংশোধনী জুলাই ২০১২ হতে জুন ২০১৭ এবং জুলাই ২০১২ হতে জুন ২০১৭ (২য় সংশোধনী (রিকাস্ট)।

১০। ডিপিপি লক্ষ্যমাত্রা, এডিপি/আরডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ

অর্থবছর	সর্বশেষ ডিপিপি (আরডিপিপি) অনুযায়ী প্রক্ষেপিত বরাদ্দের পরিমাণ	প্রকৃত বরাদ্দ	প্রকৃত ব্যয়
২০১২-১৩	২৭৫.০০	৩০০.০০	২৭৩.০৫

অর্থবছর	সর্বশেষ ডিপিপি (আরডিপিপি) অনুযায়ী প্রক্ষেপিত বরাদ্দের পরিমাণ	প্রকৃত বরাদ্দ	প্রকৃত ব্যয়
২০১৩-১৪	৪০০.০০	৪০০.০০	৩৯৯.৪৪
২০১৪-১৫	৫৬৪.০০	৫৬৪.০০	৫৫৯.৯৭
২০১৫-১৬	৭৫০.০০	৭৫০.০০	৭৪৮.৬৪
২০১৬-১৭	৬১৮.০০	৬১৮.০০	৬০০.৫৪
মোট			

১১। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদিঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্ব পালনের মেয়াদ	
				যোগদানের তারিখ	অব্যহতির তারিখ
০১.	মোঃ আব্দুল হাই, যুগ্ম সচিব	পূর্ণকালীন	-	০১/০৭/২০১২	২৭/০৩/২০১৪
০২.	মোঃ শাহাদাত হোসাইন, যুগ্ম সচিব	পূর্ণকালীন	-	২৭/০৩/২০১৪	২৮/০৫/২০১৫
০৩.	মোঃ আবুয়াল হোসাইন, যুগ্ম সচিব	পূর্ণকালীন	-	২৮/০৫/২০১৫	০৪/০৬/২০১৫
০৪.	মোঃ কফিল উদ্দিন, অতিরিক্ত সচিব	পূর্ণকালীন	-	০৪/০৬/২০১৫	৩০/০৮/২০১৬
০৫.	মোঃ শওকত আকবর, যুগ্ম সচিব	পূর্ণকালীন	-	৩০/০৮/২০১৬	৩০/০৬/২০১৭

১২। প্রকল্প পরিদর্শনঃ সমাপ্ত প্রকল্পটি পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়ন হয়েছে।

- প্রকল্পটি পরিচালনার জন্য একক উৎস হিসেবে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন সিইজিআইএস হতে সর্বমোট ৫৫২.৯৯ লক্ষ টাকার স্যাটেলাইট ইমেজ, ৩১টি কম্পিউটার সেট (ইউপিএস ও মনিটরসহ), ১১টি ল্যাপটপ, অনলাইন ইউপিএস ০২টি, প্রিন্টার ০৪টি, স্ক্যানার ০১টি, ফটোকপিয়ার ০১টি, জিপিএস ০২টি, এছাড়াও আসবাবপত্রের মধ্যে টেবিল, চেয়ার ও র্যা ক ক্রয় করা হয়েছে। ০১টি সার্ভার (কার্ভাড রেকসহ) ক্রয় করা হয়। পরিদর্শনকালে যন্ত্রপাতিগুলো ভূমি মন্ত্রণালয়ের অধীন ৩/২কাটাবনে অবস্থিত ভবনের ২য় ও ৩য় তলায় সংরক্ষিত আছে।
    - এ প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও আসবাবপত্র সমূহ রেজিষ্টারে রেকর্ডকৃত অবস্থায় পাওয়া যায়।

১৩। অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

১৩.১ **পরামর্শক সেবাঃ** এ প্রকল্পের ১৭ ক্যাটগরিতে মোট ৩৭ জন দেশীয় পরামর্শক ১৬৩০.৭৯ জনমাস সেবা গ্রহণ করা হয়েছে।


১৩.২ **আনুসাঙ্গিক/বিবিধ ব্যয়:** এ প্রকল্পের ডিপিপি তৈরী কালে প্রথমে শুধুমাত্র সমতল ভূমির জেলাসমূহকে অর্ন্তভূক্ত করা হয়েছিল। পরবর্তীতে বাস্তবতার নিরিখে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পার্বত্য ০৩টি জেলাকেও অর্ন্তভূক্ত করা হয়। এ কারণে বরাদ্দের খাতে সমন্বয় এনে প্রকল্পের নির্ধারিত ব্যয়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করা হয়েছে। এ সকল কারণে প্রকল্পটি ২য় সংশোধন করা হয়।

১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত	অর্জিত
ক) ভূমির গুণাগণ অনুযায়ী ভূমিকে সর্বোচ্চ ব্যবহার যথা- কৃষি, পশুপালন, বন, মৎস চাষ, প্রাকৃতিক পানির আধার, আবাসন, বাণিজ্যিক ও শিল্প উন্নয়ন (টুরিজম) ইত্যাদি	ক) সর্বোচ্চ সুবিধা এবং ভূমির অসঠিক ব্যবহার নিয়ন্ত্রণের জন্য এবং স্টেকহোল্ডাদেরও ভূমি ব্যবহারের সাথে সম্পৃক্ত অন্যান্য ব্যবহারকারীদের মধ্যে সৃষ্ট বিবাদ

পরিকল্পিত	অর্জিত
ক্যাটাগরিতে বিভক্ত করে এ সকল জমির অপব্যবহার নিয়ন্ত্রণের মাধ্যমে ভূমির ব্যবহারের স্টেকহোল্ডারদের মধ্যে ভূমির ব্যবহার নিশ্চিতকরণ; গ্রামাঞ্চলের জন্য মৌজা ও প্লটভিত্তিক ডিজিটাল ভূমি জোনিং ম্যাপ ও ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন করা;	(Conflicts) নিরশনের জন্য ডিজিটাল ল্যান্ড জোনিং ম্যাপে ৩২৬ টি উপজেলায় এ প্রকল্পের মাধ্যমে ম্যাপের বিভিন্ন স্থানে বিভিন্ন ধরনের ব্যবহার প্রদর্শন করা হয়েছে।
খ) ডিজিটাল ল্যান্ড জোনিং ম্যাপ তৈরী করণের মাধ্যমে ইউনিয়ন ভিত্তিতে দেশের প্রতিটি উপজেলার ভূমি ব্যবহারের ম্যাপ তৈরীকরত ভূমি জোনিং সঠিক ব্যবহার নিশ্চিতকরণের জন্য ল্যান্ড জোনিং আইন প্রণয়ন;	খ) প্রকল্প প্রতিবেদনে ভূমির অপব্যবহারের সমস্যা এগুলোর ব্যবস্থাপনা ও পরিকল্পনা উল্লেখ করা হয়েছে। ল্যান্ড জোনিং ম্যাপ বাস্তবায়নের জন্য জেলা এবং উপজেলায় ল্যান্ড জোনিং বাস্তবায়ন কমিটি সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর তত্বাবধানে গঠনের প্রস্তাব করা হয়েছে;
গ) ভূমির অপব্যবহার রোধ এবং অপব্যবহার মুক্তকরণের জন্য ভুমির বৈশিষ্ট্য অনুযায়ী ভূমির ব্যবহার নিশ্চিতকরণ;	গ) কৃষি,পশু সম্পদ, বন, চিংড়ি ও মাছ চাষ, প্রাকৃতিক জলাধার, পর্যটন, গুরুত্বপূর্ণ ওয়েট ল্যান্ডস, সাংস্কৃতিক মানসম্পন্ন স্থান, ঐতিহাসিক স্থান ইত্যাদি চিহ্নিতকরণ, সংরক্ষণ এবং প্রতিরোধ করা সম্ভব হয়েছে;
ঘ) বিদ্যমান ইকো সিস্টেম সংরক্ষণ ও প্রতিরোধের জন্য উচ্চ মাত্রার ইকোলজিক্যাল এবং কালচারাল ভেল্যুজ সংরক্ষণ;	ঘ) এ প্রকল্পের সামাজিক এবং পরিবেশগত প্রভাব স্টাডি (SIA-EIA) সম্পন্ন করা হয়েছে। এর ফলে প্রকল্প এলাকায় ইকোলজিকাল এবং কালচারাল ভ্যালুজ সংরক্ষণ করতে সাহায্য করেছে;
ঙ) তৃণমূল পর্যায়ের স্টেকহোল্ডারস পরিকল্পনাকারী, ভূমির ব্যবহারকারী, নীতিনির্ধারক ও সিদ্ধান্ত গ্রহণকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য ভূমির যথোপযুক্ত ব্যবহার নিশ্চিতকরণ;	ঙ) জেলা উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত/আয়োজিত সেমিনার এবং ওয়ার্কশপ পরিচালনার মাধ্যমে ভূমি ব্যবহারকারী নীতিনির্ধারণকারী এবং পরিকল্পনাকারীদের সঠিক ভূমি ব্যবস্থাপনার বিষয়ে সচেতনতা সৃষ্টি করা হয়েছে;
অন্যান্য সুনির্দিষ্ট উদ্দেশ্য সমূহঃ	
ক) জমির বিদ্যমান উৎপাদন ক্ষমতা , বৈশিষ্ট্য ও সম্ভাব্য উৎপাদনশীলতা বিবেচনায় এনে ভূমির এবং প্রাকৃতিক সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ;	ক) জাতীয় পর্যায়ের মনিটরিং এবং ইভালুয়েমন কমিটি তৃণমূল পর্যায়ে সৃষ্ট ম্যাপসমূহ হালনাগাদ করণের জন্য মনিটরিং ও অগ্রগতি পর্যালোচনা করেছে;
খ) স্থানীয় এবং জাতীয় পর্যায়ের উদ্ভিদ ও জলজ প্রাণী ও গাছপালা স্থান যথাযথভাবে সংরক্ষণ /প্রতিরোধকরণ নিশ্চিতকরণ;	খ) জেলা এবং উপজেলা ভূমি জোনিং বাস্তবায়ন এবং মনিটরিং কমিটি একত্রে এ সকল বিষয়ে সৃষ্ট নেতিবাচক প্রভাব সময়ে সময়ে যোগাযোগ এবং সমন্বয়ের মাধ্যমে হ্রাস করেছে;
গ) প্রাপ্ত বৈশিষ্ট্য ও গুণাগণের উপর নির্ভর করে ভূ সম্পদের সঠিক পরিকল্পনা এবং ব্যবস্থাপনা চালূকরণ;	গ) জলজ এলাকা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ইকোসিস্টেমসহ ঐতিহাসিক স্থানসমূহ ল্যান্ড জোনিং ম্যাপে সঠিকভাবে চিহ্নিত করা হয়েছে যাতে এ নিদর্শনসমূহ সংরক্ষণ এবং কনজারভেশন করা যায়;
ঘ) পরিবেশগতভাবে বিশেষ বৈশিষ্ট্যের অধিকারী এলাকা এবং জাতীয় সাংস্কৃতিক পরিচয় বহন করে এমন স্থান সংরক্ষণ করা।	ঘ) জাতীয় সেমিনার এবং স্টেয়ারিং কমিটির সভাসমূহের আন্ত:সংস্থা যোগাযোগ এবং সহযোগিতা স্থাপন করা হয়েছে যাতে সঠিক ভূমির ব্যবহার এবং ব্যবস্থাপনা নিশ্চিত করা যায়।


পরিকল্পিত	অর্জিত
প্রকল্প পরিদর্শনের ও প্রকল্পের বিভিন্ন বিষয়ের চিত্র:	



১. আইএমইডির প্রতিনিধি কর্তৃক সমাপ্ত প্রকল্পের নথিপত্র পর্যালোচনা



২. জাতীয় ভূমি জোনিং(২য় পর্যায়) সমাপ্ত প্রকল্পের আওতায় মূদ্রিত উপজেলাভিত্তিক ভূমি জোনিং প্রতিবেদন



৩. মানিকগগঞ্জ জেলার সিংগাইল উপজেলার ল্যান্ড জোনিং ম্যাপ



৪. জাতীয় ভূমি জোনিং(২য় পর্যায়) সমাপ্ত প্রকল্পের আওতায় মূদ্রিত ও সংরক্ষিত বিভিন্ন ইউনিয়ন ও উপজেলার ভূমি জোনিং প্রতিবেদন



৫. প্রকল্পের আওতায় ক্রয়কৃত কম্পিউটার সামগ্রীর একাংশ



৬. প্রকল্পের আওতায় ক্রয়কৃত র্যা কসহ সার্ভার

১৫। উদ্দেশ্য অর্জিত না হয়ে থাকলে তার কারনঃ প্রকল্প পরিদর্শন ও PCR পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য নির্ধারিত কাজ যথা- দেশের ৬৪টি জেলার ৪৯৩ টি উপজেলার ৪৫৬২ টি ইউনিয়নের ৫৬৩৪৯ টি মৌজার সেটেলাইট ইমেজ গ্রহণ করে ভূমির প্রাকৃতিক গুণাগুন/বৈশিষ্ট্য ও ব্যবহার অনুযায়ী জোনিং করণের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং প্রতিটি উপজেলার জন্য আলাদা আলাদা বই মুদ্রণ করা হয়েছে কিন্তু এর চূড়ান্ত ব্যবহারের জন্য যে সকল নির্দেশিকা ও আইন প্রণয়নের জন্য খসড়া আইন ও নীতিমালা তৈরী করা হয়েছে সে সকল আইন ও নীতিমালা চূড়ান্তকরত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ও অনুসরণের আদেশ জারী না হওয়ার কারণে প্রকল্পের চূড়ান্ত উদ্দেশ্য অর্জিত হয়নি। তবে এ প্রকল্পের মাধ্যমে ফিজিক্যাল যেসকল উদ্দেশ্য নির্ধারণ করা হয়েছিল তার সবই অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হচ্ছে।

১৬। অডিট সংক্রান্ত তথ্যঃ

ক) অভ্যন্তরীণ অডিটঃ এ প্রকল্পের ১৬-১৭ অর্থবছরে অডিট সম্পন্ন হয়েছে যার প্রতিবেদন ১৮/০৮/২০১৬ তারিখে জমা দেয়া হয়েছে। উক্ত অডিটে ওয়ার্ক অর্ডার, বিল প্রস্তুতকরণ ০৭/০৮/২০১৬ তারিখে সম্পাদিত হয়েছে প্রাপ্ত আপত্তির প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার নির্দেশ অনুযায়ী বিলগুলো পুণরায় সঠিকভাবে দাখিল করা হয়েছে।

খ) বর্হিঅডিটঃ ২০১২-১৩ সালের অডিট ০৪/০১/২০১৪ তারিখে
২০১৩-১৪ সালের অডিট ০৩/০২/২০১৫ তারিখে
২০১৪-১৫ সালের অডিট ০৩/০৫/২০১৬ তারিখে
২০১৫-১৬ সালের অডিট ০৩/০৫/২০১৬ তারিখে সম্পাদিত হয়েছে। উল্লেখিত অডিট সমূহে সিভিল অডিট কর্তৃপক্ষ কর্তৃক কোন আপত্তি উত্থাপন করা হয়নি। ২০১৬-১৭ অর্থবছরে অডিট হয়নি মর্মে দেখা যাচ্ছে।

১৭। আইএমইডি'র মতামত

১৭.১ প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রাপ্তির প্রেক্ষিতে গত ০৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে সমাপ্ত প্রকল্পের পরিদর্শনের জন্য ভূমি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সিনিয়র সহকারী প্রধান জনাব আশিক নূর এর অফিস কক্ষে গমন করা হয়। তিনি জানান যে, ভূমি জোনিং প্রকল্প ২য় পর্যায় সঠিকভাবে সম্পন্ন হয়েছে তবে এ প্রকল্পের কার্যক্রম হতে জাতীয় পর্যায়ে এখনও সুফল গ্রহণ সম্ভব হচ্ছেনা কেননা এ প্রকল্পের অধীন প্রণীত ডিজিটাল ম্যাপ সমূহ ব্যবহার করে বিভিন্ন প্রকৃতির জমির সঠিক ব্যবহার এবং ভবিষ্যতে শ্রেণীবিন্যাসকৃত জমির অপব্যবহার রোধ কল্পে যে সকল আইনের খসড়া প্রণয়ন করা হয়েছে সে সকল আইন যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর আইন সমূহ জাতীয় পর্যাযে ব্যবহার শুরু হলেই এর সুফল পাওয়া যাবে;

১৭.২ এ প্রকল্পের নথি পর্যালোচনায় দেখা যায় যে, কনসালটেন্ট নিয়োগের জন্য ৯ বার পেপারে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। কোন কোন ক্ষেত্রে অনিবার্য কারণে (যথা- পরামর্শকের চাকুরী ত্যাগ), নতুন বিষয়ে পরামর্শকের প্রয়োজন (যথা- ৩টি পার্বত্য অঞ্চলকে নতুন করে প্রকল্পের আওতায় আনয়ন) ইত্যাদি কারণে বারংবার পরামর্শক নিয়োগের প্রয়োজন হয়েছে। পরবর্তীতে ভূমি মন্ত্রণালয় কর্তৃক আরও একটি প্রকল্প গ্রহণ করা মর্মে জানা গেছে। ইতোমধ্যে ঐ প্রকল্পের খসড়া ডিপিপি প্রস্তুত/প্রণয়নের কাজ চলছে। আলোচনায় জানা যায় যে, ভবিষ্যতে জোনিং প্রকল্পটিতে ইতোমধ্যে ভূমি জোনিং ২য় পর্যায় প্রকল্পে প্রস্তুতকৃত ডিজিটাল ম্যাপ এর সাথে বিদ্যমান খতিয়ানের মৌজা ও দাগসূচী অর্ন্তভূক্ত করা হবে।

১৭.৩ এ প্রকল্পের অধীনে উন্মুক্ত টেন্ডারের মাধ্যমে গাড়ী ভাড়া করা হয়েছে বিভিন্ন উপজেলাভিত্তিক প্রতিবেদন ও ম্যাপ মুদ্রণের জন্য উন্মুক্ত টেন্ডার পদ্ধতি, কম্পিউটার সমূহ এবং সার্ভার উন্মুক্ত টেন্ডার পদ্ধতি, এবং আসবাবপত্র ক্রয়ের জন্য কোটেশন আহবান (RFQ) পদ্ধতি অনুসরণ করা হয়েছে। এছাড়াও এ প্রকল্পের প্রধান ক্রয় অর্থাৎ সেটেলাইট ইমেজ সমূহ পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন CEGIS নামক প্রতিষ্ঠান হতে সিংগেল সোর্স পদ্ধতিতে ৫৫২.৯৯ লক্ষ টাকায় ক্রয় করা হয়েছে;

১৭.৪ পর্যালোচনায় দেখা যায় যে, মূল ডিপিপি ব্যয় ১৭৮২.২৫ লক্ষ টাকা ধরা হয়েছিল পরবর্তীতে এই ব্যয় বৃদ্ধি করে ২৭৫৪.৯৬ (৫৫%) বৃদ্ধি পেয়েছে। কারণ হিসেবে দেখা যায় পরবর্তীতে পার্বত্য ৩টি জেলা নতুন করে অর্ন্তভূক্তি

এবং পার্বত্য অঞ্চলের বিশেষ ভূমির বৈশিষ্ট্য ও গঠন ভিন্নতার কারণে বিশেষ জ্ঞান সম্পন্ন পরামর্শক নিয়োগ করতে হয়েছে। এ প্রকল্পের মোট দেশীয় ৩৬ জন পরামর্শক ১৬৩০.৮৭ জনমাস কাজ করেছেন;

১৭.৫ এ প্রকল্পে অডিট সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের অডিট অধিদপ্তর কর্তৃক অডিট সম্পন্ন হয়েছে মর্মে দেখা যায়। উল্লেখ্য যে, কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি;

১৭.৬ প্রকল্পের মাধ্যমে অর্জিত স্যাটেলাইট ইমেজ, কম্পিউটার, ল্যাপটপ, ইউপিএস, প্রিন্টার, স্ক্যানার, ফটোপপিয়ার, জিপিএস ও আসবাবপত্র সহ সকল মালামাল ২টি ইনভেনটরী রেজিষ্টারে সংরক্ষিত আছে। পরিদর্শনকালে প্রকল্পটি বাস্তবায়নকালে ভূমি মন্ত্রণালয়ে নিজস্ব একটি দপ্তরের কক্ষে সকল মালামাল সংরক্ষিত অবস্থায় পাওয়া যায়। তবে যন্ত্রাংশ ও মালামাল সমূহ ভূমি মন্ত্রণালয়ে জমাকরণ সংক্রান্ত কোন কাগজপত্র দৃষ্টিগোচর হয়নি।

১৭.৭ এ প্রকল্পের অধীন প্রণীত কৃষি জমি সুরক্ষা আইনটি বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে চূড়ান্ত অনুমোদন কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে।

১৭.৮ পর্যালোচনায় দেখা যায় প্রকল্পের স্টিয়ারিং কমিটির (PSC) ও প্রকল্পের বাস্তবায়ন কমিটি (PIC) গঠন এবং এ সকল কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়নি। ভবিষ্যতে ভূমি মন্ত্রণালয়কে গৃহীত প্রকল্পের কার্যক্রম শুরুর প্রাথমিক পর্যায়েই এসকল কমিটি গঠন করা প্রয়োজন।

১৮। আইএমইডি'রসুপারিশমালাঃ

১৮.১ প্রকল্পটি বাংলাদেশে বিদ্যমান ভূমি ব্যবস্থাপনা ও ব্যবহারের বিষয়ে একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম। উন্নত বিশ্বে জোনিং ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে জমির ব্যবহার নিশ্চিতকরণের সাথে সাথে অন্যান্য বিষয় সমূহ নিশ্চিত করা সম্ভব হয়েছে। বাংলাদেশে এই জোনিং এর তথ্য সম্বলিত ভূমি ব্যবস্থাপনা ও ভূমির ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন;

১৮.২ ভবিষ্যতে ভূমি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের PSC ও PIC কমিটি গঠন ও এ সকল কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান এবং এ সকল সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ প্রতিপালনের জন্য মন্ত্রণালয় কর্তৃক একটি আলাদা মনিটরিং কমিটি গঠন করার বিষযে সচেষ্ট থাকা প্রয়োজন;

১৮.৩ এ প্রকল্প হতে অর্জিত ভূমির বৈশিষ্ট্য অনুযায়ী প্রণয়নকৃত ডিজিটাল ম্যাপ সমূহ প্রাত্যহিক জীবনে কাজে লাগানোর জন্য তথা ভূমির যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য প্রণীত আইন সমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন ও রাষ্ট্রীয় পর্যায়ে এ আইন ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্নের জন্য ভূমি মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ সমূহের সাথে বিশেষ যোগাযোগ রক্ষা করতে পারে;

১৮.৪ প্রকল্পের মাধ্যমে অর্জিত যন্ত্রাংশ ও মালামাল যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এগুলোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অথবা আইনানুগভাবে প্রক্রিয়াটি সম্পন্ন করার যথাযথ ব্যবস্থা ভূমি মন্ত্রণালয় কর্তৃক গ্রহণ করা প্রয়োজন;

১৮.৫ উপরিউক্ত সুপারিশমালার ভিত্তিতে কার্যক্রম গ্রহন করত আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।